-: ভক্তিপ্রসন্নম্ :-

.:.

..:: প্রাত্যহিক সন্ধ্যাবন্দন ::..

(তান্ত্রিক)

* * * * *

. . .

শ্রী ভবতোষ ভট্টাচার্য্য

* * * * * * *

–: ভক্তিপ্রসন্নম্ :–

.:.

..:: প্রাত্যহিক সন্ধ্যাবন্দন ::..

(তান্ত্রিক)

...

শ্রী ভবতোষ ভট্টাচার্য্য

* * * * * * *

:: বিজ্ঞপ্তি ::

লেখকের দ্বারা সর্বসত্ব সংরক্ষিত। সত্ত্বাধিকারীর পূর্বানুমতি ব্যতিরেকে এই প্রকাশনার কোন অংশ ইহ পুস্তক ব্যতীত অন্য কোন আকারে বা উপায়ে প্রকাশন, উৎপাদন, পরিবর্তন, রচনা, সংরক্ষণ, প্রেরণাদি, এবং ব্যবসায়িক, বিজ্ঞাপন, অনুষ্ঠান বা প্রচারাদি উদ্দেশ্যে ব্যবহার সম্পূর্ণরূপে অবৈধ; যাহার অন্যথায় কার্যকরী আইন লঙ্ঘনে সম্পর্কিত ব্যক্তি আইনানুগ ব্যবস্থার প্রতি দায়ী থাকবেন।

.:.

Pratyahik Sandhyavandan
(Tantrik)

Author’s Name **:** Bhabatosh Bhattacharya
Published by **:** Bhabatosh Bhattacharya
Publisher’s Address **:** Indranagar, Agartala, Tripura
Printer’s Details **:** Self Printed
Edition Details **:** I
ISBN **:** 978-93-5890-141-2
Copyright @ Bhabatosh Bhattacharya

- - -

.:.

পিতা স্বর্গ পিতা ধর্ম পিতা হি পরমং তপঃ ।
পিতরি প্রীতিমাপন্নে প্রিয়ন্তে সর্ব্বদেবতা ॥

...

যস্য কণ্ঠে স্থিতো ব্রহ্মা
চক্ষুষাং বৈষ্ণবী-পতি ।
শিবঃ ধ্যানে মূলে বামা
পিতৃ-পদে নমস্যামি ॥

যাঁহার কণ্ঠে স্বয়ং ব্রহ্মা
দৃষ্টির্মধ্যে বৈষ্ণবী-পতি ।
শিব ধ্যানে, মূলে বামা
সেই পিতৃপদে করি প্রণতি ॥

"পিতৃ স্মরণে অর্ঘ্যস্বরূপ"
– শ্রী ভবতোষ ভট্টাচার্য্য

–: প্রাক্কথন :–

আস্তিক সনাতন উপাসকগণের, বিশেষতঃ দীক্ষিতজনের, নিত্য ও নৈমিত্তিক আচার-অনুষ্ঠান, তান্ত্রিক সন্ধ্যা এবং ইষ্ট'দেবতার পুজাদির জন্য দৈনিক ক্রিয়াকর্মের একটি নির্দেশিকা অত্যন্ত প্রয়োজনীয়। অতএব সুধী সনাতন উপাসকগণ এবং দীক্ষিতজনের উদ্দেশ্যে অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন (তান্ত্রিক)" গ্রন্থ সাদরে প্রকাশিত হইল। অদ্য গ্রন্থের মূল উদ্দেশ্য হইল-উক্ত উপাসকগণের প্রতি প্রাতঃকৃত্য, তান্ত্রিক সন্ধ্যা ও ইষ্ট'দেবতার পূজাদি সহকারে দেবতার ধ্যান, গায়ত্রী, ঋষ্যাদি এবং স্তোত্রাদি, একত্রে সহজোপলব্ধ করিয়া দেওয়া।

যাহার মননে বিশ্বময় বিশিষ্ট'জ্ঞানের সঞ্চার ঘটে এবং সংসারপাশবন্ধন হইতে পরিত্রাণ ঘটে; যাহার দ্বারা ধর্ম-অর্থ-কাম-মোক্ষ চতুর্বর্গের প্রতি আমন্ত্রণ ত্বরান্বিত হয় —তাহাই মন্ত্র। শাস্ত্র'পরম্পরানুযায়ী হেন মন্ত্রাদি উপাসকগণের মধ্যে ব্রহ্মসদ্ভাব'সম্বন্ধী গুণের সূচনা করেন। পুনঃ, যাহা ব্রহ্মবিষয়ক'জ্ঞানের বিস্তার ঘটায় —তাহাই তন্ত্র। তন্ত্র উপাসক ও তত্ত্বমার্গীগণকে চৈতন্য ও ক্রিয়াযোগে সুক্ষ্মাতিসুক্ষ্ম'রূপ উর্ধ্বোত্তর'কল্পে উন্নীত করে। অদ্য গ্রন্থে উল্লেখিত নিত্যকর্ম, তান্ত্রিক সন্ধা এবং ইষ্ট'পূজনাদি বিধিসকল, নিয়মিততা ও ভক্তিসহকারে সুধী উপাসকগণ দ্বারা সযত্নে সম্পাদিত হউক, ইহাই কাম্য।

শ্রীশ্রী জগন্মাতার অশেষ আশীর্বাদে সকল মানবজাতির কল্যাণ সাধিত হউক। সকলে স্বীয় গুণকর্মানুসারে কর্মোপযোগী আধার ও চেতনাযুক্ত হইয়া চিরন্তন কর্তব্যরূপে ভগবৎমার্গে ভগবৎকার্য্যে প্রবৃত্ত হউন; ইহাই প্রার্থনা।

অদ্য গ্রন্থ প্রাত্যহিক ক্রিয়াকর্ম ও তান্ত্রিক সন্ধ্যাবন্দন সম্বন্ধে সীমিতাকারে পারম্পরিক ক্রম-প্রক্রিয়াদি, উপাসক তথা সুধীজনের সকাশে সহজবোধ্য ভাষায় তুলিয়া ধরিতে যত্নশীল হইয়াছে। সাধ্যানুসারে গ্রন্থখানি নির্ভুল রাখিবার চেষ্টা করা হইয়াছে। তৎসত্ত্বেও কোনরূপ ত্রুটি বা বৈলক্ষণ্য দৃষ্ট হইলে এবং অনুগ্রহপূর্বক তাহা সূচিত করিলে, বিশেষভাবে বাধিত হইব। পরম'মঙ্গলময়ীর কৃপায় ইহ গ্রন্থ দ্বারা সনাতন আস্তিক ধারামার্গের উপাসকগণের কাহারও কোন উপকার হইলে অদ্যর্থে সকল শ্রম সার্থক হইবে।

ধন্যবাদ।

ভবদীয়

আগরতলা, ১২ই মার্চ, ২০২৬ ইং

শ্রী ভবতোষ ভট্টাচার্য্য

–: সূচীপত্র :–

বিবরণ		পৃষ্ঠা
∴ কঃ পন্থা	...	001
∴ নিত্যকর্ম	...	002
∴ প্রাতঃকৃত্য	...	003
প্রাতঃস্তোত্র	...	003
নিজ হস্ত দর্শন	...	005
নানাবিধ মন্ত্রাদি পাঠ ও কুলকুণ্ডলিনীর ধ্যান	...	005
চৌরগণেশ মন্ত্র	...	006
পৃথিবী প্রণাম ও কুলবৃক্ষ স্মরণ	...	006
∴ নিত্য স্নান	...	007
অবগাহন পদ্ধতি	...	008
স্নান বিধি	...	008
সঙ্কল্প	...	009
তীর্থাদি আবাহন ও মন্ত্র পাঠ	...	009
মৃত্তিকা লেপন ও মন্ত্র পাঠ	...	010
স্নান ও অভিষেক	...	011
সূর্য্যপ্রণাম	...	011
∴ সন্ধ্যা বিধি	...	012
∴ তান্ত্রিক সন্ধ্যা	...	015
আচমন	...	015
গুর্বাদি স্মরণ	...	016
জলশুদ্ধি	...	016
অঙ্গন্যাস	...	017
করন্যাস	...	017
ঋষ্যাদিন্যাস	...	018

বিবরণ		পৃষ্ঠা
অঘমর্ষণ	...	018
সূর্য্যার্ঘ্য	...	019
গায়ত্রীর ধ্যান	...	019
গায়ত্রী জপ	...	020
গায়ত্রী বিসর্জন	...	021
তান্ত্রিক তর্পণ	...	022
ইষ্টমন্ত্র জপ	...	023
জপ সমর্পণ	...	023
প্রাণায়াম	...	024
ইষ্টদেবতার প্রণাম মন্ত্র	...	024
ক্ষমা প্রার্থনা	...	024
গুরু প্রণাম মন্ত্র	...	024
সন্ধ্যা সমাপন	...	025
∴ সংক্ষেপ সন্ধ্যা	...	026
∴ পূজাদির আধার, প্রকার ও দ্রব্য বিষয়াদি	...	027
পূজাদির আধার	...	027
পূজাদির প্রকার	...	027
বহির্যজন (বাহ্যিক উপচারে পূজা) ও উপচার বিশেষ	...	028
নির্বাচিত দ্রব্যাদির বিবরণ	...	028
ইষ্ট দেবতার পূজার যন্ত্র, ঘট, মূর্তি, ইত্যাদি	...	029
পূজার ফুল পত্রাদি	...	029
ধূপ ও দীপ	...	030
অর্ঘ্য পাত্র	...	031
জপ ও পূজার আসনাদি	...	031
পূজার দ্রব্যাদির নির্মাল্য কালাদি	...	031
বাহ্য মালা	...	032
নিষিদ্ধ বাদ্যাদি	...	032
ধ্যান	...	032

বিবরণ		পৃষ্ঠা
প্রণাম	...	033
পূজার ক্রমাদি	...	033
⁂ নিত্য ইষ্টদেবতা পূজার সাধারণ পদ্ধতি	...	034
আচমন	...	034
আসন শুদ্ধি	...	035
গুর্বাদি স্মরণ	...	035
সামান্যার্ঘ্য	...	035
জলশুদ্ধি	...	036
প্রোক্ষণ	...	036
পুষ্প শুদ্ধি	...	037
কর শুদ্ধি	...	037
তিলক ধারণ	...	037
সূর্য্যার্ঘ্য	...	037
সূর্য্যনমস্কারাদি	...	038
ভূত শুদ্ধি	...	039
ভূতাপসারণ	...	040
অঙ্গন্যাস	...	040
করন্যাস	...	040
ঋষ্যাদিন্যাস	...	041
স্বস্তিবাচন	...	042
কর্মারম্ভে প্রার্থনা	...	043
প্রারম্ভে দেবতাদিগের পূজা	...	044
ইষ্ট’দেবতার যন্ত্র বা বিগ্রহাদির স্নান	...	044
ইষ্ট’দেবতার পূজা	...	045
ইষ্ট’দেবতার গায়ত্রী জপ	...	047
ইষ্ট’দেবতার নাম জপ এবং জপ সমর্পণ	...	047
প্রণাম	...	048
ক্ষমা প্রার্থনা	...	048

বিবরণ			পৃষ্ঠা
	মূল মন্ত্র জপ ও প্রাণায়াম	...	048
	প্রণামান্তে স্তোত্রপাঠ	...	048
⁘	মানস পূজা	...	049
⁘	ইষ্টদেবতাদির মন্ত্রাদি	...	050
১)	সূর্য্য	...	050
	ঋষ্যাদি	...	050
	ধ্যান	...	050
	গায়ত্রী	...	050
	প্রণাম	...	050
	স্তোত্র	...	050
২)	গণেশ	...	051
	ঋষ্যাদি	...	051
	ধ্যান	...	051
	গায়ত্রী	...	051
	প্রণাম	...	052
	স্তোত্র	...	052
৩)	বিষ্ণু	...	054
	ঋষ্যাদি	...	054
	ধ্যান	...	054
	গায়ত্রী	...	054
	প্রণাম	...	054
	স্তোত্র ১	...	054
	স্তোত্র ২	...	055
৪)	রাম	...	057
	ঋষ্যাদি	...	057
	ধ্যান	...	057
	গায়ত্রী	...	057
	প্রণাম	...	057

বিবরণ			পৃষ্ঠা
	স্তোত্র	...	057
৫)	কৃষ্ণ	...	058
	ঋষ্যাদি	...	058
	ধ্যান	...	059
	গায়ত্রী	...	059
	প্রণাম	...	059
	স্তোত্র	...	059
৬)	বাল গোপাল	...	061
	ঋষ্যাদি	...	061
	ধ্যান	...	061
	গায়ত্রী	...	061
	প্রণাম	...	061
	স্তোত্র	...	062
৭)	শিব	...	063
	ঋষ্যাদি	...	063
	ধ্যান	...	063
	গায়ত্রী	...	063
	প্রণাম	...	063
	স্তোত্র	...	064
৮)	বটুক ভৈরব	...	067
	ঋষ্যাদি	...	067
	ধ্যান	...	067
	গায়ত্রী	...	068
	প্রণাম	...	068
	স্তোত্র	...	068
৯)	দক্ষিণা কালী	...	073
	ঋষ্যাদি	...	073
	ধ্যান	...	073

বিবরণ		পৃষ্ঠা
গায়ত্রী	...	073
প্রণাম	...	074
স্তোত্র ১	...	074
স্তোত্র ২	...	076
১০) তারা	...	079
ঋষ্যাদি	...	079
ধ্যান	...	079
গায়ত্রী	...	079
প্রণাম	...	080
স্তোত্র	...	080
১১) ষোড়শী (ত্রিপুর-সুন্দরী)	...	081
ঋষ্যাদি	...	081
ধ্যান	...	081
গায়ত্রী	...	081
প্রণাম	...	082
স্তোত্র	...	082
১২) ভুবনেশ্বরী	...	083
ঋষ্যাদি	...	083
ধ্যান	...	083
গায়ত্রী	...	083
প্রণাম	...	083
স্তোত্র	...	083
১৩) ভৈরবী (ত্রিপুর-ভৈরবী)	...	085
ঋষ্যাদি	...	085
ধ্যান	...	085
গায়ত্রী	...	086
প্রণাম	...	086
স্তোত্র	...	086

বিবরণ		পৃষ্ঠা
১৪) ছিন্নমস্তা (প্রচণ্ড চণ্ডিকা)	...	087
ঋষ্যাদি	...	087
ধ্যান	...	087
গায়ত্রী	...	088
প্রণাম	...	088
স্তোত্র	...	088
১৫) ধূমাবতী	...	090
ঋষ্যাদি	...	090
ধ্যান	...	090
গায়ত্রী	...	090
প্রণাম	...	090
স্তোত্র	...	091
১৬) বগলা	...	092
ঋষ্যাদি	...	092
ধ্যান	...	092
গায়ত্রী	...	093
প্রণাম	...	093
স্তোত্র	...	093
১৭) মাতঙ্গী (উচ্ছিষ্ট চাণ্ডালিনী)	...	095
ঋষ্যাদি	...	095
ধ্যান	...	095
গায়ত্রী	...	095
প্রণাম	...	095
স্তোত্র	...	095
১৮) কমলাত্মিকা	...	096
ঋষ্যাদি	...	096
ধ্যান ১	...	096
ধ্যান ২	...	097

বিবরণ			পৃষ্ঠা
	গায়ত্রী	...	097
	প্রণাম	...	097
	স্তোত্র ১	...	097
	স্তোত্র ২	...	097
১৯)	জয়দুর্গা	...	098
	ঋষ্যাদি	...	098
	ধ্যান	...	098
	গায়ত্রী	...	099
	প্রণাম	...	099
	স্তোত্র	...	099
২০)	অন্নপূর্ণা	...	100
	ঋষ্যাদি	...	100
	ধ্যান	...	100
	গায়ত্রী	...	100
	প্রণাম	...	100
	স্তোত্র ১	...	101
	স্তোত্র ২	...	101
২১)	বাগীশ্বরী (মহাসরস্বতী চণ্ডিকা)	...	103
	ঋষ্যাদি	...	103
	ধ্যান ১	...	103
	ধ্যান ২	...	104
	গায়ত্রী	...	104
	প্রণাম	...	104
	স্তোত্র	...	104

* * *

–:: কঃ পন্থা ::–

মহাভারতে ‘যক্ষ – যুধিষ্ঠির সংবাদে’ বর্ণিত আছে, একদা এক যক্ষ ধর্মরাজ যুধিষ্ঠিরকে প্রশ্ন করেন, “কঃ পন্থা?” অর্থাৎ জীবনের প্রকৃত পন্থা কী? অর্থাৎ, জ্ঞান, কর্ম ও কর্তব্য’জনিত জীবনপথে, বিশেষতঃ ধার্ম্মিক তথা আধ্যাত্মিক যাত্রাপথে, আমরা যেহেতু নানান অজানা বৈকল্পিক গতিপথের সম্মুখীন, এমনাবস্থায় বিহিত পন্থা কী?

ধর্মরাজ যুধিষ্ঠির উত্তর দিলেন—

শ্রুতিয়ো বিভিন্না স্মৃতিয়ো বিভিন্না
নৈক মুনির্যস্য মতং ন ভিন্নম্।
ধর্মস্য তত্বং নিহিতং গুহায়াম্
মহাজন যেন গতঃ সঃ পন্থা॥

শ্রুতি অর্থাৎ বেদ বিভিন্ন; স্মৃতি অর্থাৎ ধর্মতত্ব বা সামাজিক শাস্ত্র’ও বিভিন্ন। পরমপুরুষে সম্যকভাবে লীন বা সমাহিত মুনিগণদের প্রমাণভিত্তিক মত’ও এমন নয় যে একে অন্য হইতে ভিন্ন নয়। ধর্মের তত্ব বা সারমর্ম অতি গুহ্য রূপে নিহিত, অর্থাৎ তাহা অতি গূঢ় ও গোপনীয়। এমনাবস্থায়, সুগমতার লক্ষ্যে স্বীয় পূর্বপুরুষগণের মধ্যে প্রকৃষ্ট গুরুজন তথা ধর্মপুরুষগণ যে পথ অবলম্বন করিয়াছেন তথা নির্দেশ করিয়াছেন তাহাই সত্যের পথ, তাহাই প্রকৃত পন্থা।

পরমার্থের পথ চূড়ান্ত গন্তব্যের পথ। স্বয়ং ঈশ্বরের পরম আশীর্বাদে মহান ঋষি ও মুনিগণ, স্বীয় অধ্যাত্ম’কর্ম এবং সাধন’বলে সেই পথ অন্বেষণ তথা অনুধাবন করিয়া আসিয়াছেন; এবং জগতের কল্যাণার্থে তাহা নানান পন্থাস্বরূপ সুবোধ্য রূপে বিধিবৎ নির্দেশিত করিয়া গিয়াছেন। আমাদিগের বর্তমান সময়ে যাহাদিগের মধ্যে সনাতন ধর্ম’চেতনার শেষটুকু এখনও অবস্থিত আছে, অথচ স্বীয় অধ্যাত্ম’কর্ম তথা সাধন’বল সেই আধ্যাত্মিক উর্ধ্বত্বের সীমা অতিক্রমণ করে নাই, তাঁহাদিগের মধ্যে অধিকাংশ’জন, স্বীয় পারম্পরিক ধারা অনুযায়ী নিজ-নিজ পূর্বপুরুষগণের মধ্যে বিশিষ্ট গুরুজন ও ধর্মপুরুষগণ কর্তৃক নির্বাহিত ও নির্দেশিত ধর্মকর্ম ও সংস্কারাদি, নিজ-নিজ জীবনের অঙ্গ ও পাথেয় রূপে বহন করিয়া চলিয়াছেন। তাঁহাদিগের অধিকাংশের মধ্যে এখনও নিজ-নিজ বংশগতির ধারাসূত্র অনুযায়ী স্বীয় মার্গাদি, সংস্কার, গোত্র, প্রবর, বেদ, এবং বর্ণাশ্রমাদির পরিচয়, আচার ও রীতি ইত্যাদি বহন করতঃ শাস্ত্রোক্ত অধিকার ভেদে নির্দেশিত ক্রিয়াকর্ম তথা উপাসনাদি রক্ষা করিবার সাধ্যমত ইচ্ছা দেখিতে পাওয়া যায়। শাস্ত্রবিহিত সেই কর্তব্যকর্মের প্রতি সৎ-চেতনা ও সদ্-ইচ্ছাই হয়ত সনাতন পরম্পরা ও ধারামার্গী’গণকে কলিযুগের অদ্যভাগেও যথাসম্ভব নিষ্কৃতি প্রদানে সক্ষম হইবে।

–:: নিত্যকর্ম ::–

যে সকল বিহিত কর্মের নিত্য সমাধা একান্ত কর্তব্য বলিয়া বিদিত, তাহাকে নিত্যকর্ম বলে। যে কর্মের প্রত্যহ অকরণে প্রত্যবায় (অর্থাৎ পাপ, দোষ, ক্লেশ ইত্যাদি) জন্মে তাহা নিত্যকর্ম। যথা– প্রাতঃকৃত্য, প্রাতঃস্নান, সন্ধ্যা, পিতৃতর্পণ প্রভৃতি।

অথোচ্যতে গৃহস্থস্য নিত্যকর্ম যথাবিধি।
যৎকৃত্বানৃণ্যমাপ্নোতি দৈবাৎ পৈত্র্যাচ্চ মানুষাৎ॥

শাস্ত্রবিধি অনুসারে গৃহস্থের নিত্যকর্ম নিরূপণ করা হয়, যাহার দ্বারা মনুষ্যজনের দেব-সম্বন্ধী, পিতৃ-সম্বন্ধী তথা মনুষ্য-সম্বন্ধী কর্তব্যকর্ম সমাধা হয়।

সন্ধ্যা স্নানং জপশ্চৈব দেবতানাং চ পূজনম্।
বৈশ্বদেবং তথাঽঽতিথ্যং ষট্ কর্মাণি দিনে দিনে॥

প্রত্যেক মনুষ্যকে সন্ধ্যা, স্নান, জপ, দেবপূজন, বলিবৈশ্বদেব (অর্থাৎ ভূতযজ্ঞ) তথা অতিথিগণের সৎকার –এই ষট্ কর্ম প্রতিদিন করা কর্তব্য।

পঞ্চৈব মহাযজ্ঞাঃ।
তান্যেব মহাসত্রাণি ভূতযজ্ঞো মনুষ্যযজ্ঞঃ;
পিতৃযজ্ঞো দেবযজ্ঞো ব্রহ্মযজ্ঞ ইতি॥

মহাযজ্ঞ পঞ্চ’প্রকার। তাহাদের মহাসত্র বলে। পঞ্চ’মহাযজ্ঞ হইল– ভূতযজ্ঞ, মনুষ্যযজ্ঞ, পিতৃযজ্ঞ, দেবযজ্ঞ এবং ব্রহ্মযজ্ঞ। তাহারা নিম্নরূপ:–

- ব্রহ্মযজ্ঞ = জ্ঞানোপাসনা ও সন্ধ্যা-পূজাদি;
- পিতৃযজ্ঞ = পিতৃগণের আজ্ঞাপালনাদি;
- মনুষ্যযজ্ঞ = অতিথিগণের সৎকারাদি;
- ভূতযজ্ঞ = বলিবৈশ্যদেব অর্থাৎ প্রাণীগণের পোষণাদি;
- দেবযজ্ঞ = অগ্নিহোত্র অর্থাৎ অগ্নিতে হবনাহুতি প্রদানাদি।

পঞ্চ’মহাযজ্ঞে দেবতা, ঋষি-মুনি, পিতর, জীব-জন্তু, মানব ইত্যাদি সম্পূর্ণ ব্রহ্মাণ্ডের প্রতি স্বীয় কর্তব্যাদির পালন মুখ্য উদ্দেশ্য হইয়া থাকে।

–:: প্রাতঃকৃত্য ::–

প্রত্যহ ব্রাহ্মমুহূর্তে (অর্থাৎ সূর্য্যোদয়ের চার দণ্ড পূর্বে) জাগ্রত হইয়া শয্যায় স্থিরচিত্তে উত্তর কিংবা পূর্বাভিমুখে উপবেশনপূর্বক নিজ কুলদেবতা, ইষ্টদেবতা, ব্রহ্মা, বিষ্ণু, শিব, গণেশ ও অন্য দেব-দেবীগণ তথা নবগ্রহকে স্মরণ করিয়া, শ্রীগুরুকে প্রনামপূর্বক নিম্ন প্রাতঃস্তোত্র মন্ত্র পাঠ করিবে।

অদ্য 'দণ্ড' বলিতে নির্দিষ্ট সময়কাল বোঝানো হইয়াছে। এক সূর্য্যোদয় হইতে পরবর্তী সূর্য্যোদয় পর্য্যন্ত সময়'সীমাকে ষাট দণ্ডে ভাগ করা হয়। ঘন্টা হিসাবে ষাট দণ্ড সমান চব্বিশ ঘন্টা। অতএব এক ঘন্টা সমান আড়াই দণ্ড; অনুরূপ, এক দণ্ড সমান চব্বিশ মিনিট।

প্রাতঃস্তোত্র :–

"ওঁ(*) নমোঽস্তু গুরবে তস্মা, ইষ্টদেবস্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি, বিষং সংসারসংজ্ঞকম্॥"

"ওঁ ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী, ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনী রাহু কেতু, কুর্বন্তু সর্বে মম সুপ্রভাতম্॥

লোকেশ-চৈতন্যময়াধিদেব, শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং, সংসারযাত্রামনুর্বর্তয়িষ্যে॥

পুণ্যশ্লোকো নলো রাজা, পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী, পুণ্যশ্লোকো জনার্দনঃ॥

কর্কোটকস্য নাগস্য, দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ, কীর্তনং কলিনাশনম্॥

অহল্যা দ্রৌপদী কুন্তী তারা, মন্দোদরী তথা।
পঞ্চ কন্যাঃ স্মরেন্নিত্যং, মহাপাতকনাশনং॥

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং, দুর্গা দুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যন্তি, তমঃ সূর্য্যোদয়ে যথা॥"

(*) 'ওঁ':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন"-গ্রন্থে 'ওঁ'-এর ক্ষেত্রে- 'ওঁ' অথবা 'নমঃ' উচ্চারণ করিবে।

"ওঁ কালী তারা মহাবিদ্যা, ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ, বিদ্যা ধূমাবতী তথা॥

বগলা সিদ্ধবিদ্যা চ, মাতঙ্গী কমলাত্মিকা।
এতাদশমহাবিদ্যা, সিদ্ধবিদ্যা প্রকীর্ত্তিতা॥"

"ওঁ জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ, জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন, যথা নিযুক্তোঽস্মি তথা করোমি॥

কার্তবীর্য্যার্জুনো নামো রাজা, বাহুসহস্রভৃৎ।
যোঽস্য সংকীর্তয়েন্নাম, প্রাতরুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ, স্যান্নষ্টঞ্চ লভতে পুনঃ॥"

"ওঁ জবাকুসুম-সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

দিব্য-শঙ্খ-তুষারাভং ক্ষীরদার্ণব-সম্ভবম্।
নমামি শশিনং ভক্ত্যা শম্ভোর্মুকুটভূষণম্॥

ধরণীগর্ভ-সম্ভূতং বিদ্যুৎপুঞ্জ-সমপ্রভম্।
কুমারং শক্তিহস্তঞ্চ লোহিতাঙ্গং নমাম্যহম্॥

প্রিয়ঙ্গুকলিকা-শ্যামং রূপেণাপ্রতিমং বুধম্।
সৌম্যং সর্বগুণোপেতং নমামি শশিনঃ সুতম্॥

দেবতানামৃষীণাঞ্চ গুরুং কনকসন্নিভম্।
বন্দ্যভূতং ত্রিলোকেশং তং নমামি বৃহস্পতিম্॥

হিমকুন্দ-মৃণালাভং দৈত্যানাং পরমং গুরুম্।
সর্বশাস্ত্র প্রবক্তারং ভার্গবং প্রণমাম্যহম্॥

নীলাঞ্জনচয়প্রখ্যং রবিসূতং মহাগ্রহম্।
ছায়ায়া গর্ভসম্ভূতং বন্দে ভক্ত্যা শনৈশ্চরম্॥

অর্দ্ধকায়ং মহাঘোরং চন্দ্রাদিত্যবিমর্দকম্।
সিংহিকায়াঃ সুতং রৌদ্রং তং রাহুং প্রণমাম্যহম্॥

পলালধূম-শঙ্কাশং তারাগ্রহ-বিমর্দকম্।
রৌদ্রং রুদ্রাত্মকং ক্রূরং তং কেতুং প্রণমাম্যহম্॥

ব্যাসেনোক্তমিদং স্তোত্রং যঃ পঠেৎ প্রযতঃ শুচিঃ।
দিবা বা যদি বা রাত্রৌ শান্তিস্তস্য ন সংশয়ঃ॥

ঐশ্বর্য্যমতুলঞ্চাপি আরোগ্যং পুষ্টিবর্ধনম্।
নরনারী-প্রিয়ত্বঞ্চ নিত্যং তস্যোপজায়তে॥

তক্ষকোঽগ্নির্যমো বায়ুর্যে চান্যে গ্রহপীড়কাঃ।
তে সর্বে প্রশমং যান্তি ব্যাসো ব্রুয়ান্ন সংশয়ঃ॥”

নিজ হস্ত দর্শন :–

অতঃপর নিজ হস্ত দর্শন করতঃ, নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

“ওঁ করাগ্রে বসতী লক্ষ্মী, করমধ্যে সরস্বতী।
করমূলে তু গোবিন্দঃ, প্রভাতে করদর্শনম্॥”

“ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥”

নানাবিধ মন্ত্রাদি পাঠ ওকুলকুণ্ডলিনীর ধ্যান :–

অতঃপর নিম্নোক্ত তিনটি মন্ত্র, প্রতিটি অন্ততঃ অষ্টাদশ বার জপ করিবে। মন্ত্র যথা—

“ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্মুক্ষীয় মাঽমৃতাৎ॥”

“ওঁ হ্লীং বগলামুখী সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয়।
জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্রীং ওঁ স্বাহা(*)॥”

“ওঁ হ্রীং বটুকায় আপদুদ্ধারণায় কুরু কুরু বটুকায় হ্রীং॥”

অতঃপর চিত্তশুদ্ধ অবস্থায় কুলকুণ্ডলিনীর ধ্যান করতঃ নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

“ওঁ ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীম্।
তামিষ্টদেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাম্।
কোটিসৌদামিনীভাসাং স্বয়ম্ভূলিঙ্গবেষ্টিতাম্॥”

(*) ‘ওঁ স্বাহা’:— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য “প্রাত্যহিক সন্ধ্যাবন্দন”-গ্রন্থে ‘ওঁ স্বাহা’-এর ক্ষেত্রে- ‘নমঃ’ উচ্চারণ করিবে।

চৌরগণেশ মন্ত্র :–

অদ্য চৌরগণেশ মন্ত্র প্রতিক্ষেত্রে দশবার (অসমর্থ হইলে একবার) জপ করিবে। মন্ত্র যথা—

- দক্ষিণ চক্ষুতে – "হ্রীং॥"
- দক্ষিণ কর্ণতে – "হূং॥"
- দক্ষিণ নাসাতে – "ক্রীং॥"
- মুখে – "স্ত্রীং॥"
- হৃদয়ে – "ক্রৌং॥"
- লিঙ্গমূলে – "হসৌঃ॥"
- বাম চক্ষুতে – "হ্রীং॥"
- বাম কর্ণতে – "হূং॥"
- বাম নাসাতে – "ক্রীং॥"
- নাভিতে – "ক্লীং॥"
- ভ্রুমধ্যে – "হূং॥"
- গুহ্যে – "ক্লুং॥"

অতঃপর ইষ্টমন্ত্র যথাশক্তি (বা দশবার) জপ করিবে।

পৃথিবী প্রণাম ও কুলবৃক্ষ স্মরণ :–

অদ্য কৃতাঞ্জলিপূর্বক নিম্ন মন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

"ওঁ ত্রৈলোক্যচৈতন্যময়ি ত্রিশক্তে, শ্রীবিশ্বমাতর্ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসারযাত্রামনুবর্তয়িষ্যে॥

অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাবান্॥"

অতঃপর পৃথিবীকে প্রণাম করতঃ নিম্নোক্ত মন্ত্রে প্রার্থনা করিবে। মন্ত্র যথা—

"ওঁ প্রিয়দত্তায়ৈ ভূবে নমঃ॥"

"ওঁ সমুদ্রমেখলে দেবি পর্বতস্তনমণ্ডলে।
বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পাদস্পর্শং ক্ষমস্ব মে॥

ধারণং পোষণং ত্বত্তো ভূতানাং দেবি সর্বদা।
তেন সত্যেন মাং পাহি শাপান্মোচয় ধারিণি॥"

তৎপরে ভূমিতে পাদক্ষেপণপূর্বক কুলবৃক্ষ স্মরণ করিয়া নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

"ওঁ নমস্তে কুলবৃক্ষায় সর্বপাপবিমুক্তয়ে।
শুভং বিধেহি মে নিত্যং কুলবৃক্ষায় তে নমঃ॥"

অতঃপর ইষ্টদেবতা ও কুলদেবতাকে প্রণাম করতঃ স্থান ত্যাগ করিবে।

-:: নিত্য স্নান ::-

সকল বর্ণেরই সূর্য্যদয়’কালে প্রাতঃস্নান করা একান্ত কর্তব্য। শৌচ কার্য্য ও দন্তধাবনাদি সম্পন্ন হইলে প্রত্যহ প্রাতঃস্নান করিতে হয়। তদর্থে স্বগৃহে বা নদ্যাদিতে প্রত্যহ স্নান করিবার বিধান। প্রাতঃস্নানের পর দিবসে আলাদা করে তৈলস্নান ও অন্যান্য যোগবিশেষের স্নান বিধেয়।

প্রাতঃস্নানে ব্রতে শ্রাদ্ধে দ্বাদশ্যাং গ্রহণে তথা।
মদ্যলেপসমং তৈলং তস্মাৎ তৈলং বিবর্জয়েৎ॥

প্রাতঃস্নানে, ব্রতদিনে, শ্রাদ্ধদিনে, দ্বাদশী’তিথিতে, তথা সূর্য্য ও চন্দ্র গ্রহণ’দিনে তৈলমর্দন করিতে নাই। অবশ্য এই নিষেধ তিল’তৈল বিষয়ক।

অতৈলং সার্ষপং তৈলং যৎ তৈলং পুষ্পবাসিতম্।
অদৃষ্টং পক্কতৈলঞ্চ তৈলাভ্যঙ্গেষু নিত্যশঃ॥

খাঁটি সর্ষপতৈল, পুষ্পবাসিত সুগন্ধিতৈল, আয়ুর্ব্বেদীয় পক্কতৈল ইত্যাদি সর্বদা মর্দনযোগ্য; তাহারা তৈলমধ্যে গণ্য নয়।

শরীর অসুস্থ থাকিলে স্নানের উদ্দেশ্যে (কুশাগ্র দ্বারা বা যেমন সম্ভব) মস্তকে জল ছিটাইয়া, আর্দ্র বস্ত্রে গাত্র মুছিয়া বস্ত্রাদি পরিত্যাগ করিবে। অশুচি ব্যক্তি কোন যোগে কামনাপুর্বক স্নান করিলে, তাহাকে পূর্বে একবার স্নান করিয়া, পরে নিয়মানুযায়ী স্নান করিতে হয়।

বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞোপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ, তথা বিবাহ সংস্কারে পরিণীতা তাহাদিগের স্ত্রীগণ ও তাহাদিগের অবিবাহিতা কন্যাগণ, নিত্য স্নানমন্ত্র পাঠ করিয়া স্নান করিবে। অন্যদের ক্ষেত্রে স্নানমন্ত্র পাঠ না করিলেও স্নানফলে অন্যথা হয় না।

নদ্যাদির স্রোতের জলে স্নান করিলে, স্রোতের অভিমুখে; তথা স্রোতহীন জলাশয়ে বা অন্যত্র স্নান করিলে, পূর্বাভিমুখে অর্থাৎ সূর্য্যের অভিমুখে স্নান করিবে। গ্রন্থিযুক্ত বস্ত্র পরিয়া বা উলঙ্গ অবস্থায় স্নান করা নিষেধ। গ্রহণ ভিন্ন তথা বিশেষ যোগ ভিন্ন রাত্রিতে স্নান’ও সম্পূর্ণ নিষিদ্ধ। অবশ্য গঙ্গাস্নান রাত্রিতেও করা চলে।

অস্নাতা নাচরেৎ কর্ম জপহোমাদি কিঞ্চন।
লালাস্বেদসমাকীর্ণঃ শয়নাদুত্থিতঃ পুমান্॥
অত্যন্ত মলিনো কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।
স্রবত্যেব দিবারাত্রং প্রাতঃস্নানং বিশোধনম্॥

অস্নাত অবস্থায় জপ, পূজা, হোম, ইত্যাদি কোনরূপ কর্ম কখনো করিতে নাই; কারণ, শয়নোত্থান কালে ব্যক্তি লালা, ঘাম ইত্যাদিতে আচ্ছন্ন থাকে। দিবারাত্র অতি স্রাব সংযুক্ত, নবচ্ছিদ্র সমন্বিত এই অতীব মলিন দেহ, প্রাতঃস্নানে বিশেষভাবে শোধন প্রাপ্ত হয়।

মান্ত্রং ভৌমং তথাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসঞ্চৈব সপ্তস্নানং প্রকীর্ত্তিতম্॥

মান্ত্র স্নান (অর্থাৎ 'আপো হি ষ্ঠা' ইত্যাদি মন্ত্রপাঠপূর্বক মার্জন), ভৌম স্নান (অর্থাৎ গাত্রে মৃত্তিকা লেপন), আগ্নেয় স্নান (অর্থাৎ অঙ্গে হোমাগ্নি বা গোময় ভস্ম লেপন), বায়ব্য স্নান (অর্থাৎ গাত্রে গো'পদোত্থিত ধূলি মিশ্রিত প্রবাহমান বায়ু গ্রহণ), দিব্য স্নান (অর্থাৎ গাত্রে রৌদ্রসংযুক্ত বৃষ্টিপাত গ্রহণ), বারুণ স্নান (অর্থাৎ নদী, সরোবর ইত্যাদির জলে সর্বাঙ্গ মজ্জন), তথা মানস স্নান (অর্থাৎ বিষ্ণু চিন্তন ও মনন ইত্যাদি) –এহেন সপ্তবিধ স্নানের কথা শাস্ত্রে কথিত আছে। ইহাদের মধ্যে বারুণ স্নানই মুখ্য তথা দেশ'কালোপযুক্ত।

অবগাহন পদ্ধতি :–

নাভিসম জলে স্রোতাভিমুখ দাড়াইয়া, তথা স্রোতহীনজলে সূর্য্যামুখ হইয়া, হস্তদ্বারা চক্ষুকর্ণাদি আচ্ছাদন করতঃ প্রথমে অমন্ত্রক ডুব দিবে, পরে নিম্ন মন্ত্রাদি পাঠপূর্বক পুনঃ ডুব দিয়া স্নান করিবে। অসমর্থ হইলে, উভয় ক্ষেত্রে মস্তকে জল ছিটাইয়া স্নান করিবে।

স্নানবিধি :—

প্রথমতঃ নিম্ন মন্ত্রে আচমন করিবে। মন্ত্র যথা—

"ওঁ(*) বিষ্ণু॥"

অনন্তর হাতযোড় করিয়া নিম্ন মন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

"ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাস পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্তিহ॥"

(*) 'ওঁ':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন"-গ্রন্থে 'ওঁ'-এর ক্ষেত্রে- 'ঔঁ' অথবা 'নমঃ' উচ্চারণ করিবে।

সঙ্কল্প :—

যাহাদের দীক্ষা হইয়াছে, তাহারা হস্তে জল লইয়া নিম্ন মন্ত্রে সঙ্কল্প করিবে। মন্ত্র যথা—

"বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকে'মাসি(*) অমুকে'পক্ষে(*) অমুক'তিথৌ(*)
অমুক'গোত্রঃ(*) [স্ত্রী– গোত্রাঃ] শ্রী অমুক'শর্ম্মা(**)
অমুক'দেবতা (নিজের ইষ্টদেবতা) প্রীতয়ে স্নানমহং করিষ্যে॥"

যাহাদের দীক্ষা হয় নাই, তাহারা হস্তে জল লইয়া নিম্ন মন্ত্রে সঙ্কল্প করিবে। মন্ত্র যথা—

"বিষ্ণুঃ ওঁ তৎসৎ অদ্য অমুকে'মাসি(*) অমুকে'পক্ষে(*) অমুক'তিথৌ(*)
অমুক'গোত্রঃ(*) [স্ত্রী– গোত্রাঃ] শ্রী অমুক'শর্ম্মা(**)
শ্রীবিষ্ণু প্রীতিকামঃ অস্মিন্ জলে স্নানমহং করিষ্যে॥"

অতঃপর উক্ত জলে নিম্ন মন্ত্রে একহস্ত পরিমিত স্থানে চতুষ্কোণ মণ্ডল তৈরী করিবে। মন্ত্র যথা—

"ওঁ নমো নারায়ণায়॥"

তীর্থাদি আবাহন ও মন্ত্র পাঠ :—

নিম্নমন্ত্র পাঠ করতঃ অঙ্কুশমুদ্রা দ্বারা সেই স্থানে জল চক্রাকারে আলোড়নপূর্বক তীর্থাদি আবাহন করিবে। মন্ত্র যথা—

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

অতঃপর কৃতাঞ্জলিপূর্বক নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

(*) '(অমুকে)মাসি, (অমুক)পক্ষে, (অমুক)তিথৌ, (অমুক)গোত্রঃ':— অদ্য '(অমুকে)মাসি'-তে "অমুক"-এর স্থলে বর্তমান চান্দ্রমাসের নাম; '(অমুকে)পক্ষে'-তে "অমুক"-এর স্থলে বর্তমান কৃষ্ণ বা শুক্ল পক্ষের নাম; '(অমুক)তিথৌ'-তে "অমুক"-এর স্থলে বর্তমান তিথির নাম; তথা 'শ্রী(অমুক)গোত্রঃ'-এর "অমুক"-এর স্থলে নিজের গোত্রের নাম যোগ করিবে। স্ত্রী ও কন্যাগণ অবশ্য 'গোত্রঃ'-এর স্থলে 'গোত্রায়াঃ' বলিবে।

(**) '(অমুক)শর্ম্মা':— অদ্য 'শ্রী(অমুক)শর্ম্মা'-র "অমুক"-এর স্থলে নিজের নাম যোগ করিবে। অদ্যগ্রন্থে সর্বত্র বিপ্রবর্ণের জন্য প্রযোজ্য 'শর্ম্মা' (শর্মন্ = শৃ + মন্) উপনাম (অর্থাৎ বৈদিক উপাধি বা সম্বোধন) ব্যবহৃত হইয়াছে (যাহার অর্থ ব্রাহ্মণ বা কল্যাণকারক); প্রাচীনস্মৃতিতে যাহা শর্ম্মা, নব্যস্মৃতিতে তাহাই দেবশর্ম্মা। বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত বিপ্রগণ অদ্য ক্রিয়া-কর্মে 'শর্ম্মা' বলিবে। অন্যদের ক্ষেত্রে উক্ত বর্ণভিন্নে 'শর্ম্মা'-র স্থলে প্রযুক্ত উপনাম ব্যবহার করিতে হইবে।

"ওঁ বিষ্ণোঃ পাদ-প্রসুতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নঃ তেনসঃ তস্মাদ্ আজন্ম মরণান্তিকাৎ॥

তিস্রঃ কোট্যোর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ।
দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্তি জাহ্নবি॥

নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবা সিতা॥

বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোক প্রসাদিনী।
ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তি-প্রদায়িনী॥

এতানি পুণ্যনামানি স্নানকালে চ যঃ পঠেৎ।
ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী॥"

"ওঁ ভাগীরথি ভোগবতি জাহ্নবি ত্রিদশেশ্বরি।
ত্বয়ি স্নানং করোমি অদ্য পাপং মে হর জাহ্নবি॥"

অতঃপর নিম্ন মন্ত্র সহকারে নিজের মস্তকে তিন অঞ্জলি জল সেচন করিবে। মন্ত্র যথা—

"ওঁ নমো নারায়ণায়॥"

মৃত্তিকা লেপন ও মন্ত্র পাঠ :—

অতঃপর নিম্ন মন্ত্র পাঠপূর্বক তীরস্থ মৃত্তিকা গায়ে লেপন করিবে। মন্ত্র যথা—

"ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্॥

উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেণ শতবাহুনা।
নমস্তে সর্বভূতানাং প্রভবারিণি সুব্রতে।
আরুহ্য মম গাত্রাণি সর্বং পাপং প্রমোচয়॥"

অতঃপর নিম্ন মন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

"ওঁ আবাহয়ামি ত্বাং দেবি স্নানার্থমিহ সুন্দরি।
ত্রাহি গঙ্গে নমস্তুভ্যং সর্বতীর্থসমন্বিতে॥"

"ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি।
ধর্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি॥

শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দেবি জাহ্নবি।
অমৃতে নাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্॥"

"ওঁ গঙ্গা গঙ্গেতি যো ব্রুয়াদ্ যোজনানাং শতৈরপি।
মুচ্যতে সর্বপাপেভ্যো বিষ্ণুলোকং স গচ্ছতি॥"

"ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাসিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥"

"ওঁ পাপোঽহং পাপকর্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্বপাপ হরো হরি॥"

স্নান ও অভিষেক :—

উক্ত মন্ত্র পাঠান্তে তিনবার ডুব দিয়া স্নান করিবে; অসমর্থ হইলে মস্তকে জল ছিটাইয়া স্নান করিবে। দীক্ষিতগণ সেই জলে নিজ ইষ্টদেবতার চরণারবিন্দ'নিঃসৃত জলে স্নান করিতেছি, এহেন ভাবনা করিয়া ইষ্টদেবতার ধ্যানপূর্বক ইষ্টমন্ত্র উচ্চারণ করিতে করিতে দুই চক্ষু, দুই কর্ণ, দুই নালিকা ও মুখ বন্ধ করিয়া তিনবার ডুব দিয়া বা মস্তকে জল ছিটাইয়া স্নান করিবে। অতঃপর দীক্ষিতগণ জলের উপর তিনবার "মূলমন্ত্র" জপ করিয়া; নিম্ন মন্ত্রে জল লইয়া ইষ্টদেবতার নামোল্লেখে নিজের মস্তক তিনবার অভিষিক্ত করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুকীং দেবীং (অমুকং দেবং) অভিষিঞ্চামি স্বাহা(*)॥"

সূর্য্যপ্রণাম:—

স্নানান্তে নিম্ন মন্ত্রে সূর্য্যদেবকে প্রণাম করিবে। মন্ত্র যথা—

"ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥"

(*) 'স্বাহা':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন"-গ্রন্থে 'স্বাহা'-এর ক্ষেত্রে- 'নমঃ' উচ্চারণ করিবে।

–:: সন্ধ্যা বিধি ::–

'সন্ধ্যা' শব্দ বলিতে সম্যক্‌রূপে পরব্রহ্মের ধ্যান (চিন্তন ও উপাসনাদি) বোঝায়। দিন ও রাত্রি রূপে দ্বিধা'বিভক্ত দিবসে দিন, রাত্রি, তথা পূর্বাহ্ন এবং অপরাহ্নের সন্ধিস্থলে উপাসনা করা হয় বলিয়া, তাহা সন্ধ্যা নামে পরিচিত। সন্ধ্যা ত্রিকাল ব্যাপী। প্রথমতঃ, রাত্রির শেষ একদণ্ড ও দিনের প্রথম একদণ্ড (অর্থাৎ এই দুই দণ্ড) হইল প্রথম সন্ধিস্থল; এই সময়ে প্রাতঃসন্ধ্যা করা হয় বলিয়া, এই সময়কে প্রাতঃসন্ধ্যা'কাল বলে। দ্বিধা বিভক্ত দিবসের পূর্বাহ্ন ও অপরাহ্নের সংযোগ' ক্ষণের পূর্বের একদণ্ড ও পরের একদণ্ড (অর্থাৎ এই দুই দণ্ড) হইল দ্বিতীয় সন্ধিস্থল; এই সময়ে মধ্যাহ্নসন্ধ্যা করা হয় বলিয়া, তাহাকে মধ্যাহ্নসন্ধ্যা'কাল বলে। আবার দিবসের শেষ ভাগে অর্থাৎ সূর্যাস্তের পূর্বের একদণ্ড ও পরের একদণ্ড (অর্থাৎ এই দুই দণ্ড) হইল তৃতীয় সন্ধিস্থল; এই সময়ে সায়ংসন্ধ্যা করা হয় বলিয়া, তাহাকে সায়ংসন্ধ্যা'কাল বলে।

উপাস্তে সন্ধিবেলায়াং নিশায়া দিবসস্য চ।
তামেব সন্ধ্যাং তস্মাত্তু প্রবদন্তি মনীষিণঃ॥

দিন ও রাত্রির সন্ধিসময়ে যে উপাসনা করা হয়, পণ্ডিতগণ তাহাকেই সন্ধ্যা বলিয়া থাকেন। সন্ধ্যাকালে উপাস্য দেবতার (সবিতৃরূপ পরব্রহ্মের) সন্ধ্যা (অর্থাৎ ধ্যান, চিন্তন ও উপাসনাদি) করা কর্তব্য। যদিও ঈশ্বর সর্বদা সকল পদার্থের মধ্যে বিদ্যমান; এবং মনুষ্য, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, সকল-প্রকার জঙ্গম ও পর্বত, বৃক্ষ, লতা প্রভৃতি স্থাবর সমুদায় সকলই, তন্ময়; তথাপি তাঁহার উপাসনা করা প্রয়োজন।

ঋষি যাজ্ঞবল্ক্য বলিয়াছেন—

গবাং সর্পিঃ শরীরস্থং ন করোত্যঙ্গপোষণম্।
নিঃসৃতং কর্মসংযুক্তং পুনস্তাসাং তদৌষধম্॥
এবং স হি শরীরস্থঃ সর্পিবৎ পরমেশ্বরঃ।
বিনা চোপাসনাদেব ন করোতি হিতং নৃষু॥

দুগ্ধের অন্তর্গত ঘৃত গাভীর শরীরে সর্বদা বর্তমান থাকিয়াও তাহার অঙ্গপুষ্টি করে না; বরং সেই দুগ্ধকে বাহ্যিক কার্য্যবিশেষে ঘৃতরূপে পরিণত করিয়া, ক্ষতাদি রোগের শান্তির নিমিত্তে ঔষধরূপে পরিণত করিলে, তাহাদিগের রোগাদিরও বিশেষ উপশম সাধন করে। অনুরূপ, পরমেশ্বরের সত্তা সকল জীব'শরীরে অবস্থিত থাকিলেও, তাহা সম্যক ধ্যান উপাসনা বিহীন মানব'সকলের হিতসাধনে যথোপযোগী পোষন বা আনুকুল্য সাধন করে না। তজ্জন্য অধ্যাত্মপূর্ণ বিশেষ ধর্ম-কর্মাদিরও প্রয়োজন।

যা সন্ধ্যা সা তু গায়ত্রী দ্বিধাভূত্বা প্রতিষ্ঠিতা।
সন্ধ্যা চোপাসিতা যেন বিষ্ণুস্তেন উপাসিতঃ॥
স চ সূর্য্যসমো বিপ্রঃ তেজসা তপসা তদা।
তৎপাদপদ্ম রজসা সদ্যঃপূতা বসুন্ধরা॥
জীবন্মুক্তঃ স তেজস্বী সন্ধ্যাপুতো হি যো দ্বিজঃ।
অনর্হঃ কর্মণাং বিপ্রঃ সন্ধ্যাহীনোঽশুচির্মতঃ॥

যিনি সন্ধ্যা, তিনিই গায়ত্রী, দ্বিধামূর্তিতে এক’ই। যিনি সন্ধ্যা উপাসনা করেন, তাঁহার বিষ্ণু উপাসনা করা হয়। আজীবন যিনি সন্ধ্যা উপাসনা করেন, তিনি তেজ ও তপস্যায় সূর্য্যের ন্যায় দীপ্তিমান হইয়া থাকেন; তাঁহার পদধূলি দ্বারা বসুন্ধরা পবিত্রা হন। সন্ধ্যাপূত তেজস্বী দ্বিজগণ জীবন্মুক্ত। যে বিপ্রগণ সন্ধ্যা উপাসনা করেন না, তাঁহারা অশুচির ন্যায় কোনোরূপ ধর্মকর্মে অধিকারী হন না।

অব্রাহ্মণান্ত ষট্ প্রোক্তা ঋষিণা তত্ত্ববেদিনা।
আদ্যো রাজভৃত্যস্তেষাং দ্বিতীয়ঃ ক্রয়বিক্রয়ী॥
তৃতীয়ো বহুযাজ্যঃ স্যাচ্চতুর্থো গ্রামযাজকঃ।
পঞ্চমস্তু ভূতস্তেষাং গ্রামস্য নগরস্য চ॥
অনাদিত্যাঞ্চ যঃ পূর্বাং সাদিত্যাঞ্চৈব পশ্চিমাম্।
নোপাসীত দ্বিজঃ সন্ধ্যাং স ষষ্ঠোঽব্রাহ্মণঃ স্মৃতঃ॥

শাতাতপ স্মৃতি ছয় প্রকার অব্রাহ্মণের কথা বলিয়াছেন, যা ঋষি পরম্পরা ও তত্ত্ববাদী’গণ দ্বারা স্বীকৃত; যথা— প্রথমত, রাজার ভৃত্য; দ্বিতীয়, ক্রয়-বিক্রয়’কারী; তৃতীয়, বহুযাজ্য অর্থাৎ যাহার বহু যজমানাদি আছে; চতুর্থ, গ্রামযাজক অর্থাৎ যে বারোয়ারি পূজা করে; পঞ্চম, যে নগরবাসী ও গ্রামবাসী দ্বারা ভরণীয়; এবং ষষ্ঠ, যে ব্যক্তি সন্ধ্যা-উপাসনা বিহীন।

সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ।
বিধুতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকং সনাতনম্॥

যাঁহারা নিয়মাবলম্বী হইয়া নিত্য সন্ধ্যা উপাসনা করিয়া থাকেন, তাঁহারা সকল পাপ হইতে মুক্ত হইয়া অক্ষয় ব্রহ্মলোকে গমন করেন।

নিশায়াং বা দিবা বাপি যদজ্ঞানকৃতং ভবেৎ।
ত্রিকালসন্ধ্যাকরণাৎ তৎসর্বং বিপ্রণশ্যতি॥

রাত্রিকালে কিংবা দিনমানে অজ্ঞানকৃত যত পাপই হউক না কেন, ত্রিকাল সন্ধ্যা দ্বারা (অর্থাৎ প্রাতঃ, মধ্যাহ্ন, সায়ংসন্ধ্যা উপাসনা দ্বারা) সেই সকল পাপ বিনষ্ট হইয়া থাকে।

ঋষয়ো দীর্ঘসন্ধ্যত্বাদ্ দীর্ঘমায়ুরবাপ্নুয়ুঃ।
প্রজ্ঞাং যশশ্চ কীর্তিঞ্চ ব্রহ্মবর্চসমেব চ॥

ঋষিগণ অধিক ক্ষণ সন্ধ্যা উপাসনা করেন বলিয়া তাঁহারা ইহলোকে দীর্ঘায়ু, জ্ঞান-বুদ্ধি, যশ, কীর্তি ও ব্রহ্মতেজ ইত্যাদি প্রাপ্ত হইয়া থাকেন। অতঃ প্রাতঃ-মধ্যাহ্ন-সায়ং কালভেদে যথাক্রমে তিনবার অর্থাৎ প্রাতঃকালীন, মধ্যাহ্নকালীন এবং সায়ংকালীন সন্ধ্যা করা একান্ত কর্তব্য।

সন্ধ্যাকালে ব্যতীতে তু ন চ সন্ধ্যাং সমাচরেৎ।
গয়ত্রীং দশধা জপ্ত্বা পুনঃ সন্ধ্যাং সমাচরেৎ॥
সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সায়ং সন্ধ্যাং ন কুর্ব্বীত কৃতে চ পিতৃহা ভবেৎ॥

সন্ধ্যার সময়কাল অতিবাহিত হইলে অর্থাৎ নির্ধারিত সন্ধ্যাকালে সন্ধ্যা করিতে না পারিলে, প্রায়শ্চিত্তের নিমিত্তে দশবার গায়ত্রী জপ করিবার পর সন্ধ্যা করা বিধেয়। সংক্রান্তি, পূর্ণিমা, অমাবস্যা, দ্বাদশী এবং শ্রাদ্ধবাসরে সায়ংসন্ধ্যা করা উচিত নয়; তজ্জন্য সাধ্যানুসারে বা অন্ততঃ দশবার গায়ত্রী জপ করা কর্তব্য। ইহ বিধি বৈদিক সন্ধ্যাবিষয়ে জানিবে। অনুরূপ, জন্মমরণাশৌচেও বৈদিক সন্ধ্যা করিতে নাই; সেক্ষেত্রে সাধ্যানুসারে গায়ত্রী জপ করা কর্তব্য।

তান্ত্রিক সন্ধ্যা কোনদিনই নিষিদ্ধ নয়। যাহারা তান্ত্রিক সন্ধ্যায় অধিকারী, তাহারা সন্ধ্যার সময় উত্তীর্ণ হইলে ইষ্টদেবতার গায়ত্রী জপ করিবার পর সন্ধ্যা করিবে।

যখন সন্ধ্যা করিবে, তখন কাহারও সহিত কথা বলিবে না, কথা বলিলে বা হাই তুলিলে, বা হাঁচি বা থুথু ফেলিলে, অধোবায়ু পরিত্যাগ করিলে, নিদ্রাকর্ষণ হইলে, বিষ্ণুনাম (তান্ত্রিক সন্ধ্যায়, ইষ্টনাম) স্মরণ করিয়া দক্ষিণ কর্ণ স্পর্শ করিয়া পুনঃ আচমন করিবে।

সন্ধ্যায়াং পতিতায়ান্তু গায়ত্রীং দশধা জপেৎ॥

যদি কোনো ক্রমে সন্ধ্যা পতিত হয়, অর্থাৎ না করা হয়, সেই ক্ষেত্রে দশবার গায়ত্রী জপ করিয়া মূলমন্ত্র জপ করিবার বিধান। কোনো কারণে পূর্বসন্ধ্যা না করিতে পারিলে বা ভ্রমবশতঃ পূর্ব সন্ধ্যায় বিঘ্ন ঘটিলে, সেই সন্ধ্যা সম্পন্ন করিবার পর তৎকালীন অন্য সন্ধ্যার অনুষ্ঠান করিতে হয়। সন্ধ্যার ক্ষেত্রে পূর্বমুখ হইয়া প্রাতঃসন্ধ্যা, পূর্ব বা উত্তরমুখ হইয়া মধ্যাহ্নসন্ধ্যা এবং বায়ুকোণাভিমুখ হইয়া সায়ংসন্ধ্যা করিতে হয়।

–:: তান্ত্রিক সন্ধ্যা ::–

তান্ত্রিক সন্ধ্যায় সকলেরই অধিকার। দীক্ষিত মাত্রেরই ইহা একান্ত কর্তব্য। ব্রাহ্মণগণ বৈদিক সন্ধ্যোপাসনা সমাপন করিয়া পরে তান্ত্রিক সন্ধ্যা করিবে। সন্ধ্যাকাল উত্তীর্ণ হইলে প্রায়শ্চিত্তের নিমিত্তে দশবার গায়ত্রী জপ করিয়া তারপর উক্ত সন্ধ্যা করিবে। পুরুষগণ মৃতাশৌচে; এবং স্ত্রীগণ মৃতাশৌচে, মাসিক রজঃস্বলার চারদিন, তথা আঁতুড়ের অশৌচ-কালে, কেবলমাত্র ইষ্ট মন্ত্র জপ করিবে। পর্বাদিতে তান্ত্রিক সন্ধ্যা নিষিদ্ধ নয়।

আচমন :–

শুদ্ধাসনে উপবেশনপূর্বক ভক্তি ও শ্রদ্ধা সহকারে 'শ্রীবিষ্ণু' এবং ইষ্ট'দেবতাকে স্মরণ করিবে। অতঃপর জলপাত্র হইতে জল লইয়া [দক্ষিণহস্ত গোকর্ণাকৃতি (অর্থাৎ গরুর কান'এর ন্যায় হাতের তেলো) করিয়া, তন্মধ্যে একটি মাত্র মাষকলাই ডুবিতে পারে, এই পরিমান জল লইয়া], ইষ্ট'স্মরণ করিতে-করিতে, নিম্ন মন্ত্র পাঠ করতঃ, ঐ জল ত্রিধা (অর্থাৎ তিনবার), ব্রাহ্মতীর্থ(*) দ্বারা পান করিবে, যেন গলা পর্য্যন্ত ভিজিতে পারে; এর অধিক বা কম পরিমান জলে শোণিত'পানের ফল হয়। মন্ত্র যথা:—

"ওঁ(**) আত্মতত্ত্বায় স্বাহা(***)॥" । "ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা॥" । "ওঁ শিবতত্ত্বায় স্বাহা॥"

অতঃপর দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলির তলদেশ দ্বারা, দক্ষিণপ্রান্ত হইতে বামপ্রান্তের প্রতি ওষ্ঠাধর মুছিবে। তৎপশ্চাৎ মধ্যের তিনটি অঙ্গুলি দ্বারা ওষ্ঠাধর স্পর্শ করিবে। উক্ত অচমনের পর চক্ষুঃকর্ণনাসিকাদি ইন্দ্রিয়সকল স্পর্শ করিবার বিধান; ইহাতে তত্তৎ ইন্দ্রিয়ের শান্তি বিধান হয়। পরে অবশ্যই উক্ত হস্ত প্রক্ষালন করিয়া লইবে।

(*) 'আচমনাদি':— 'ব্রাহ্মতীর্থে' আচমন করিতে হয়। অঙ্গুষ্ঠের মূলদেশকে 'ব্রাহ্মতীর্থ' বলে; একযোগে প্রত্যেক অঙ্গুলির অগ্রভাগকে (একত্রে) 'দেবতীর্থ' বা 'দৈবতীর্থ' বলে। তর্জনীর মূলদেশ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যদেশকে 'পিতৃতীর্থ' বলে। এবং কনিষ্ঠার মূলদেশকে 'প্রজাপতিতীর্থ' বা 'কায়তীর্থ' বলে। পুনঃ, দক্ষিণহস্তের মধ্যবর্তী তালু'কে 'অগ্নিতীর্থ' বলে; বামহস্তের মধ্যবর্তী তালু'কে 'সোমতীর্থ' বলে। তাছাড়া, অঙ্গুলিদের ভাঁজ এবং সন্ধিক্ষেত্র'কে 'ঋষিতীর্থ' বলে। দেবতাদিগের উদ্দেশ্যে জলাঞ্জলি 'দেবতীর্থ' দ্বারা করিতে হয়; ঋষিগণের উদ্দেশ্যে জলাঞ্জলি 'কায়তীর্থ' দ্বারা করিতে হয়; এবং পিতৃগণদের উদ্দেশ্যে জলাঞ্জলি 'পিতৃতীর্থ' দ্বারা করিতে হয়।

(**) 'ওঁ':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন"-গ্রন্থে 'ওঁ'-এর ক্ষেত্রে- 'ঔঁ' অথবা 'নমঃ' উচ্চারণ করিবে।

(***) 'স্বাহা':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য গ্রন্থে নির্ধারিত 'স্বাহা'-এর ক্ষেত্রে- 'নমঃ' উচ্চারণ করিবে।

গুর্বাদি স্মরণ :–

অনন্তর ক্রমানুসারে নিম্ন মন্ত্রে গুরুঃ আদি প্রণাম করিবে। মন্ত্র যথা:—

বাম'ভাগে—

"ওঁ গুরুভ্যো নমঃ॥"

বাম-সম্মুখ'কোণে—

"ওঁ পরমগুরুভ্যো নমঃ॥"

সম্মুখ'ভাগে—

"ওঁ পরাপরগুরুভ্যো নমঃ॥"

সম্মুখ-দক্ষিণ'কোণে —

"ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ॥"

দক্ষিণ'ভাগে—

"গাং গণেশায় নমঃ॥"

ললাটে—

মূলমন্ত্র উচ্চারণপূর্বক "শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ॥"

(অমুক দেবতার স্থলে নিজ ইষ্ট দেবতার নাম বলিবে।)

জলশুদ্ধি :–

সম্মুখের মাটিতে একটি ত্রিকোণ'মণ্ডল, তাহার উপর গোলাকার এবং তাহার উপর একটি চতুষ্কোণ'মণ্ডল অঙ্কন করিয়া, কোশা'টি তাহার উপর বসাইয়া "ওঁ" মন্ত্রে তিনবার জল ঢেলে কোশা'টি ত্রি'চতুর্থাংশভাগ জলপূর্ণ করিয়া; তাহার অগ্রভাগে একটি তুলসীপত্র স্থাপন করিবে (সম্ভব হইলে, পুষ্প, বিল্বপত্র, আতপ চাউল এবং দূর্বা'ও স্থাপন করিবে)। অনন্তর নিম্ন মন্ত্রে অঙ্কুশমুদ্রায়(*) সেই জল চক্রাকারে আলোড়নপূর্বক তীর্থাদি আবাহন করিবে। মন্ত্র যথা:—

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

সেই জলে ধেনুমুদ্রা(**) ও মৎস্যমুদ্রা(***) দেখাইয়া "মূল মন্ত্র" অন্ততঃ দ্বাদশবার জপ করিবে। অতঃপর কুশদ্বারা বা তদ্যভাবে তত্ত্বমুদ্রা(****) দ্বারা, "মূল মন্ত্র" উচ্চারণপূর্বক, সেই জল বার'ত্রয় ভূমিতে নিক্ষেপ করিবে, এবং সপ্ত'বার নিজের মস্তকে ছিটাইয়া অভিষেক করিবে।

(*) 'অঙ্কুশ-মুদ্রা':— দক্ষিণহস্ত মুষ্টিবদ্ধ করিয়া মধ্যমাকে সোজা বাহির করিয়া, তাহার মধ্যপর্বে তর্জনী যোগ করিয়া, তর্জনীর অগ্রভাগ একটু বাঁকাইলে অঙ্কুশমুদ্রা হয়।

(**) 'ধেনু-মুদ্রা':— বামহস্তের কনিষ্ঠায় দক্ষিণহস্তের অনামিকা, দক্ষিণ কনিষ্ঠায় বাম অনামিকা, বাম তর্জনীতে দক্ষিণ মধ্যমা এবং দক্ষিণ তর্জনীতে বাম মধ্যমা সংযুক্ত করিলে ধেনুমুদ্রা হয়।

(***) 'মৎস্য-মুদ্রা':— দক্ষিণহস্ত অধোমুখ করিয়া রাখিয়া, তাহার পৃষ্ঠদেশে বামহস্তের তলদেশ সংযুক্ত করিয়া, উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলি নাড়িতে থাকিলে মৎস্যমুদ্রা হয়।

(****) 'তত্ত্ব-মুদ্রা':— দক্ষিণহস্ত অধোমুখ করিয়া রাখিয়া, সেই হস্তের মধ্যমা ও অনামিকার অগ্রভাগে অঙ্গুষ্ঠের অগ্রভাগ যোগ করিলে তত্ত্বমুদ্রা হয়।

অঙ্গন্যাস :—

অঙ্গ ন্যাসের ক্ষেত্রে প্রথমতঃ, নিম্ন মন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা ও অনামিকার অগ্রভাগ দ্বারা হৃদয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ॥"

অতঃপর নিম্নমন্ত্রে মাধ্যমা ও তর্জনীর অগ্রভাগ দ্বারা মস্তক স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রীং শিরসে স্বাহা(*)॥"

অতঃপর নিম্নমন্ত্রে বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগ দ্বারা শিখা স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রূং শিখায়ৈ বষট্(*)॥"

নিম্নমন্ত্রে দক্ষিণ ও বামহস্তের সকল অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাহু'দ্বয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রৈং কবচায় হুং(*)॥"

নিম্নমন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা ও অনামিকা দ্বারা নেত্র'ত্রয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্(*)॥"

অতঃপর নিম্নমন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী ও মধ্যমা যোগ করিয়া, বাম করতলে আঘাত করিয়া তালি দিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্(*)॥"

করন্যাস :—

কর ন্যাসের ক্ষেত্রে প্রথমতঃ, নিম্ন মন্ত্রে উভয় হস্তের তর্জনী দ্বারা, সেই-সেই হস্তের অঙ্গুষ্ঠকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ॥"

পরে নিম্ন মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের তর্জনীকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রীং তর্জনীভ্যাং স্বাহা॥"

(*) 'স্বাহা', 'বষট্', 'হুঁ', 'বৌষট্', 'ফট্' :— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য গ্রন্থে নির্ধারিত 'স্বাহা', 'বষট্', 'হুঁ', 'বৌষট্' এবং 'ফট্'-এই সকলের ক্ষেত্রে- 'নমঃ' উচ্চারণ করিবে।

পরে নিম্ন মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের মধ্যমাকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রুং মধ্যমাভ্যাং বষট্॥"

পরে নিম্ন মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের অনামিকাকে স্পর্শ করিবে। যথা—

"ওঁ হ্রৈং অনামিকাভ্যাং হুং॥"

পরে নিম্ন মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের কনিষ্ঠাকে স্পর্শ করিবে। যথা—

"ওঁ হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্॥"

অতঃপর নিম্নমন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী ও মধ্যমা যোগ করিয়া, বাম করতলে আঘাত করিয়া তালি দিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্॥"

ঋষ্যাদিন্যাস :—

ঋষি আদি ন্যাসের ক্ষেত্রে 'তত্বমুদ্রা' দ্বারা উপাস্যদেবতাকে স্মরণ করতঃ উপাস্য দেবতার অনুবর্তী নিম্নোক্ত ঋষ্যাদির ক্রমান্বয়ে ন্যাস করিবে। যে যে স্থানে অমুক দেওয়া আছে, সেই-সেই স্থানে অমুকের পরিবর্তে মন্ত্রের যে ঋষি, ছন্দ ও দেবতা আছেন, তাঁহাদের নাম উচ্চারণ করিবে। (ঋষ্যাদি ন্যাসের ঋষি, ছন্দ ও দেবতা ইত্যাদি অদ্য গ্রন্থের অন্তে, 'ইষ্ট'দেবতার মন্ত্রাদি'তে আলাদা করিয়া দেওয়া আছে)।

প্রথমত, নিম্ন মন্ত্রে 'তত্বমুদ্রা' দ্বারা নিজ মস্তক স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক ঋষয়ে নমঃ॥"

অতঃপর নিম্ন মন্ত্রে নিজের মুখ স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক ছন্দসে নমঃ॥"

অতঃপর নিম্ন মন্ত্রে নিজের হৃদয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক দেবতায়ৈ নমঃ॥"

অঘমর্ষণ :—

বামহস্তে কিঞ্চিৎ জল লইয়া দক্ষিণহস্ত দ্বারা তাহা আচ্ছাদন করতঃ "হং যং রং বং লং" —এই মন্ত্র ঐ জলের উপর বার'ত্রয় জপ দ্বারা অভিমন্ত্রিত করিয়া; "মূল মন্ত্র" উচ্চারণপূর্বক

বামহস্তের অঙ্গুলির ছিদ্র হইতে গলিত জলবিন্দু'কে দক্ষিণহস্তে তত্ত্ব'মুদ্রা' দ্বারা সপ্ত'বার নিজের মস্তকে ছিটাইয়া অভ্যুক্ষণ করতঃ; বামহস্তস্থ শেষ জল দক্ষিণহস্তে আনিয়া, ঐ জলকে তেজোময় চিন্তা করিয়া, বাম নাসায় আকর্ষণ করিয়া দক্ষিণ নাসায় নিঃসরণ করিয়া, এহেন অনুভব করিবে যে—

"আমার শরীরস্থ পাপ'পুরুষ "হং যং রং বং লং(*)" —মন্ত্রে অর্থাৎ 'আকাশবীজে লঘু হইয়া', 'বায়ুবীজে শুষ্ক হইয়া', 'বহ্নিবীজে দগ্ধ হইয়া', 'জলবীজে ধৌত হইয়া' (সেই জল কৃষ্ণবর্ণ হইয়া), 'পৃথিবীবীজে বহির্গত হইয়াছে', এবং এখন আমার এই দেহ এবং অভ্যন্তর শুদ্ধ ও পাপ রহিত হইয়াছে।"

—এহেন চিন্তন করিয়া উক্ত হস্তের জল বামপার্শ্বের মাটিতে নিক্ষেপ করিবে। এইপ্রকারে বার'ত্রয় জলগ্রহণ এবং বার'ত্রয় রেচন'কে অঘমর্ষণ বলে। অঘমর্ষণের পর অবশ্য হস্ত প্রক্ষালন করিবে।

সূর্য্যার্ঘ্য :—

অতঃপর পূর্বোক্ত নিয়মে আচমন করিয়া নিম্ন মন্ত্রে সূর্য্যদেবকে অর্ঘ্যদ্রব্য (অর্থাৎ জল, আতপ চাউল, দূর্বা, রক্তপুষ্প ইত্যাদি) অথবা কেবল জল দ্বারা সূর্য্যার্ঘ্য প্রদান করিবে। মন্ত্র যথা—

"ওঁ হ্রীং হংস ঘৃণি সূর্য্য ইদমর্ঘ্যং তুভ্যং স্বাহা॥"

তৎপরে নিম্ন মন্ত্রে ইষ্টদেবতার উদ্দেশ্যে জলাঞ্জলিরূপ বার'ত্রয় অর্ঘ্য প্রদান করিবে। মন্ত্র যথা—

"ওঁ সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুকদেবতায়ৈ ইদমর্ঘ্যং স্বাহা॥"

গায়ত্রীর ধ্যান :—

অনন্তর, কূর্মমুদ্রা(**)সহকারে, যে সময়ের সন্ধ্যা সেই সময়ের ধ্যান পাঠ করিবে। প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্ন, এই তিন সময়ে গায়ত্রীরূপী পরমদেবতা তিন মূর্তিতে ধ্যেয়া।

(*) 'হং যং রং বং লং':— ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম -এই পঞ্চতত্ত্বের পঞ্চবীজ হয়। তাহাই অপরপক্ষে আকাশবীজ 'হং', বায়ুবীজ 'যং', বহ্নিবীজ 'রং', বরুণ বা জলবীজ 'বং' এবং পৃথিবীবীজ 'লং'।

(**) 'কূর্ম-মুদ্রা':— বামহস্ত ঊর্দ্ধমুখ করতঃ তাহার তর্জনীতে অধোমুখীকৃত দক্ষিণহস্তের কনিষ্ঠা সংযুক্ত করিয়া, দক্ষিণহস্তের তর্জনীতে বাম অঙ্গুষ্ঠ সংযুক্ত করিয়া, দক্ষিণ অঙ্গুষ্ঠ উঁচু করিয়া রাখিয়া, বামহস্তের মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠার পৃষ্ঠদেশ দক্ষিণহস্তের ভেতরের কোলে সংযুক্ত করিবে; এবং দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকাকে বামহস্তের পিতৃতীর্থে (অঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যভাগে) উপুড় করিয়া সংলগ্ন করতঃ, দক্ষিণহস্তের পৃষ্ঠদেশ কূর্মপৃষ্ঠের ন্যায় উন্নত করিলে কূর্মমুদ্রা হয়।

প্রাতঃকালে গায়ত্রীদেবী নবোদিত সূর্য্যের ন্যায় কান্তিবিশিষ্টা, রক্তবর্ণা, পুস্তক ও জপমালা ধারিণী, মৃগচর্ম পরিধানা, সৃষ্টিকর্ত্রী ব্রাহ্মী মূর্তি; মধ্যাহ্নকালে সেই গায়ত্রীদেবী শ্যামবর্ণা, চতুর্বাহুযুক্তা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী, স্থিতিকর্ত্রী বৈষ্ণবী মূর্তি; এবং সায়াহ্নে সেই গায়ত্রীদেবী বরদা, শুক্লবর্ণা, শুক্লবস্ত্রপরিধানা, বৃষবাহনা, ত্রিনয়না, বর-পাশ-নর-কপালধারিণী, সূর্য্যমণ্ডলস্থা সংহারকর্ত্রী মাহেশ্বরী মূর্তি।

প্রাতঃকালে কুণ্ডলিনী শক্তিকে মূলাধার'কমলে দ্রব্যকাঞ্চনের ন্যায়, তরুণ'তপনপ্রভা চিন্তা করতঃ ধ্যান করিবে; মধ্যাহ্নকালে কুণ্ডলিনী শক্তিকে অনাহত'কমলে কোটি'ভাস্করসন্নিভা চিন্তা করতঃ ধ্যান করিবে; সায়াহ্নকালে কুণ্ডলিনী শক্তিকে আজ্ঞা'পদ্মে কোটি'শশাঙ্কসম প্রভাববিশিষ্টা চিন্তা করতঃ ধ্যান করিবে। মন্ত্র যথা—

প্রাতঃকালের ধ্যান—

"ওঁ উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেঽম্বরে॥"

মধ্যাহ্নকালের ধ্যান—

"ওঁ শ্যামবর্ণাং চতুর্বাহুং শঙ্খচক্রলসৎকরাম্।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্॥"

সায়াহ্নকালের ধ্যান—

"ওঁ বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্ যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্।
সুর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ॥"

গায়ত্রী জপ :—

পঞ্চোপাসক পরম্পরা অনুযায়ী যে যেই'দেবতার উপাসক, সেই'দেবতার গায়ত্রী মনে-মনে জপ করিবে। প্রত্যেক সন্ধ্যায় একশত-আট বার গায়ত্রী জপ করিবে; অসমর্থ হইলে অষ্টাদশ বা অন্ততঃ দশবার জপ করিবে। করমালা অনুসারে জপ করিলে— প্রাতঃসন্ধ্যায় বুকের কাছে বাম হস্ত ঊর্ধ্বে চিৎভাবে রাখিয়া, তাহার উপর দক্ষিণ হস্ত চিৎ করিয়া রাখিয়া জপ করিবে; মধ্যাহ্নসন্ধ্যায় বুকের দিকে দক্ষিণ হস্ত বক্রভাবে রাখিয়া তাহার উপর বাম হস্ত সেই ভাবে রাখিয়া জপ করিবে; এবং সায়ংসন্ধ্যায় বুকের কাছে দক্ষিণ হস্ত অধোমুখে রাখিয়া তাহার

উপর বাম হস্ত অধোমুখে রাখিয়া জপ করিবে। জপকালে করমালায় সংখ্যা রাখিতে যথাক্রমে নিম্ন বিধি অনুসরণ করিবে—

- পুরুষদেবতার ক্ষেত্রে : অঙ্গুষ্ঠের অগ্রপর্ব দ্বারা, ক্রমে অনামিকার মধ্যপর্ব ও মূলপর্ব; কনিষ্ঠার মূল, মধ্য ও অগ্রপর্ব; অনামিকার অগ্রপর্ব, মধ্যমার অগ্রপর্ব এবং তর্জনীর অগ্র, মধ্য ও মূলপর্ব ধরিয়া (অর্থাৎ এই দশপর্বে) ইষ্ট চিন্তন সহকারে মন্ত্র জপ করিবে।

- স্ত্রীদেবতার ক্ষেত্রে : অঙ্গুষ্ঠের অগ্রপর্ব দ্বারা, ক্রমে অনামিকার মধ্যপর্ব ও মূলপর্ব; কনিষ্ঠার মূল, মধ্য ও অগ্রপর্ব; অনামিকা অগ্রপর্ব; মধ্যমার অগ্র, মধ্য ও মূলপর্ব এবং তর্জনীর মূলপর্ব ধরিয়া (অর্থাৎ এই দশপর্বে) ইষ্ট চিন্তন সহকারে মন্ত্র জপ করিবে।

করমালায় জপের ক্ষেত্রে অঙ্গুষ্ঠের অগ্রপর্ব দ্বারা প্রত্যেক অঙ্গুলির পর্ব ধরিবে, অঙ্গুলির গ্রন্থি অর্থাৎ গাঁইট তথা অঙ্গুলির অগ্রভাগ ধরিবে না। তাছাড়া রুদ্রাক্ষ ইত্যাদি মালাতেও জপ সম্পন্ন করা যায়। (ইষ্ট’দেবতার গায়ত্রী মন্ত্র ইত্যাদি অদ্য গ্রন্থের অন্তে, ‘ইষ্ট’দেবতার মন্ত্রাদি’তে আলাদা করিয়া দেওয়া আছে)।

গায়ত্রী বিসর্জন :—

অনন্তর নিম্ন মন্ত্র পাঠ করিয়া এক অঞ্জলি জলত্যাগপূর্বক ইষ্টদেবতার গায়ত্রী জপ বিসর্জন করিবে। মন্ত্র যথা—

বিষ্ণু বিষয়ে বিসর্জন মন্ত্র—

“ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ জনার্দন॥”

শিব বিষয়ে বিসর্জন মন্ত্র—

“ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ মহেশ্বর॥”

অন্য পুরুষদেবতা বিষয়ে বিসর্জন মন্ত্র—

“ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥”

শক্তি বিষয়ে বিসর্জন মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ মহেশ্বরি॥"

অন্য স্ত্রীদেবতা বিষয়ে বিসর্জন মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥"

তান্ত্রিক তর্পণ :—

তর্পণ স্নানেরই অঙ্গ; কিন্তু মহানির্বাণ তন্ত্রের মতে সন্ধ্যাতে তর্পণ করা বিধেয়। তান্ত্রিক তর্পণে দীক্ষিত ব্যক্তি'মাত্রেই অধিকারী, বৈদিক তর্পণের ন্যায় ইহাতে অধিকারী ভেদ নাই। সন্ধ্যাতে তর্পণ করিলে, কেবলমাত্র মধ্যাহ্নসন্ধ্যায় করিবে। তর্পণ করিবার সময় নিম্নোক্ত এক একটি মন্ত্র বলিয়া, বামহস্তে তত্ত্বমুদ্রার দ্বারা জল প্রদান করিবে। প্রথমে দেবতর্পণ এবং তৎপরে ইষ্টদেবতার তর্পণ করিবে। শক্তি উপাসকগণ প্রত্যেককে এক-এক অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে; এবং অন্যান্যগণ প্রতেকে তিন-তিন অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে। মন্ত্র যথা—

দেবতর্পণ—

"ওঁ দেবান্ তর্পয়ামি॥" "ওঁ ঋষীন্ তর্পয়ামি॥" "ওঁ পিতৃন্ তর্পয়ামি॥"
"ওঁ গুরুন্ তর্পয়ামি॥" "ওঁ পরমগুরুন্ তর্পয়ামি॥" "ওঁ পরমেষ্ঠীগুরুন্ তর্পয়ামি॥"

তৎপরে "মূল মন্ত্র" পূর্বে যোগ করিয়া নিম্নোক্ত ইষ্টদেবতার তর্পণ করিবে। প্রত্যেক উপাসকগণ পঞ্চবিংশতি, দশ বা অসমর্থ হইলে তিন অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে। মন্ত্র যথা—

শক্তিদেবতার পক্ষে—

"ওঁ অমুকীদেবীং তর্পয়ামি স্বাহা॥"

"ওঁ অমুকদেবতায়াঃ পরিবারান্ তর্পয়ামি॥"

অন্যদেবতার পক্ষে—

"ওঁ অমুকীদেবতাং তর্পয়ামি নমঃ॥"

"ওঁ অমুকদেবতায়াঃ পরিবারান্ তর্পয়ামি॥"

ইষ্টমন্ত্র জপ :—

মনে-মনে ইষ্টদেবতার মূর্তি চিন্তন করিয়া, গুরু, দেবতা, ও মন্ত্র এই তিনটিকেই স্মরণ করিয়া যথাবিধ "ইষ্টমন্ত্র" জপ করিবে। প্রত্যেক সন্ধ্যায় একশত-আট বার বা অসমর্থ হইলে অন্ততঃ অষ্টাদশ বার "ইষ্টমন্ত্র" জপ করিবে। "ইষ্টমন্ত্র" জপ রুদ্রাক্ষ ইত্যাদি মালাতেও সম্পন্ন করা যায়। করমালা অনুসারে জপ করিলে এবং তাহাতে সংখ্যা রাখিতে যথাক্রমে উপরোক্ত 'গায়ত্রী জপ'-এর বিষয়ে (পুরুষদেবতা এবং স্ত্রীদেবতার ক্ষেত্রে) দেওয়া বিধি অনুসরণ করিবে।

জপ সমর্পণ :—

অনন্তর নিম্ন মন্ত্র পাঠ করিয়া এক অঞ্জলি জলত্যাগপূর্বক ইষ্টদেবতার উদ্দেশ্যে জপ সমর্পণ করিবে। মন্ত্র যথা—

বিষ্ণু বিষয়ে জপ সমর্পণ মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ জনার্দন॥"

শিব বিষয়ে জপ সমর্পণ মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ মহেশ্বর॥"

অন্য পুরুষদেবতা বিষয়ে জপ সমর্পণ মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥"

শক্তি বিষয়ে জপ সমর্পণ মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ মহেশ্বরি॥"

অন্য স্ত্রীদেবতা বিষয়ে জপ সমর্পণ মন্ত্র—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥"

প্রাণায়াম :—

অনন্তর "মূল মন্ত্র" সহকারে প্রাণায়াম (অর্থাৎ পূরক, কুম্ভক এবং রেচক) করিবে। অদ্য পূরক, কুম্ভক এবং রেচকের অনুপাত ১,৪,২, হইবে। অনেকের মতে সেটি ২,১,২, হইবে।

[পূরক, কুম্ভক, রেচক –এই তিন প্রক্রিয়ার নাম প্রাণায়াম। দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলির দ্বারা দক্ষিণ নাসিকা টিপিয়া ধরিয়া বাম'নাসিকা দ্বারা ধীরে-ধীরে শ্বাস গ্রহণ করার নাম 'পূরক'। উক্ত দক্ষিণ'নাসিকা টিপিয়া রাখিয়া, অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা বাম'নাসিকা একসঙ্গে টিপিয়া ধরিয়া শ্বাস বন্ধ রাখার নাম 'কুম্ভক'। অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা বাম'নাসিকা টিপিয়া রাখিয়া, দক্ষিণ'নাসা হইতে অঙ্গুষ্ঠ ছাড়িয়া দিয়া, ধীরে-ধীরে শ্বাস ত্যাগ করার নাম 'রেচক'।]

ইষ্টদেবতার প্রণাম মন্ত্র :—

অতঃপর কৃতাঞ্জলিপূর্বক ইষ্টদেবতার ধ্যান ও প্রনামমন্ত্র উচ্চারণ করিয়া ইষ্টদেবতাকে প্রণাম করিবে। (ইষ্ট'দেবতার উক্ত মন্ত্রাদি অদ্য গ্রন্থে অন্তে, 'ইষ্ট'দেবতার মন্ত্রাদি'তে দেওয়া আছে)।

ক্ষমা প্রার্থনা :—

নিম্ন মন্ত্রে এক অঞ্জলি জল প্রদান করতঃ ক্ষমা প্রার্থনা করিবে। মন্ত্র যথা—

"ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি#॥"

শক্তিদেবতার ক্ষেত্রে যেমন 'সুরেশ্বরি' বলিবে, তেমনি পুরুষদেবতার ক্ষেত্রে 'সুরেশ্বরি'-স্থলে 'সুরেশ্বর' বলিবে; পুনঃ, বিষ্ণুদেবতার ক্ষেত্রে 'জনার্দন' এবং শিবের ক্ষেত্রে 'মহেশ্বর' বলিবে।

গুরু প্রণাম মন্ত্র :—

অতঃপর নিম্ন মন্ত্র উচ্চারণপূর্বক গুরুদেবকে প্রণাম করিবে। মন্ত্র যথা—

"ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

ওঁ গুরুর্ব্রহ্মা গুরুর্ব্বিষ্ণু গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুদেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

ওঁ অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥"

অতঃপর নিম্নোক্ত শ্রীমচ্ছঙ্করাচার্য্য কৃত "গুরুপাদুকা স্তোত্র" পাঠ করিবে। মন্ত্র যথা—

অনন্তসংসার-সমুদ্রতার-নৌকায়িতাভ্যাং গুরুভক্তিদাভ্যাম্।
বৈরাগ্যসাম্রাজ্যদ-পূজনাভ্যামং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥১॥
কবিত্ববারাশি-নিশাকরাভ্যাং দৌর্ভাগ্য-দাবাম্বুদ-মালিকাভ্যাম্।
দূরীকৃতানম্র-বিপত্তিতাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥২॥
নতা যয়োঃ শ্রীপতিতাং সমীয়ুঃ কদাচিদপ্যাশু দরিদ্রবর্যাঃ।
মূকাশ্চ বাচস্পতিতাং হি তাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৩॥
নালীকনীকাশ-পদাহৃতাভ্যাং নানাবিমোহাদি-নিবারিকাভ্যাম্।
নমজ্জনাভীষ্ট-ততিপ্রদাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৪॥
নৃপালিমৌলি-ব্রজরত্নকান্তি-সরিদ্বিরাজজ্ঝষ-কন্যকাভ্যাম্।
নৃপত্বদাভ্যাং নতলোকপঙ্ক্তেঃ নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৫॥
পাপান্ধকারার্ক-পরম্পরাভ্যাং তাপত্রয়াহীন্দ্র-খগেশ্বরাভ্যাম্।
জাড্যাব্ধি-সংশোষণ-বাড়বাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৬॥
শমাদিষট্কপ্রদ-বৈভবাভ্যাং সমাধিদান-ব্রতদীক্ষিতাভ্যাম্।
রমাধবাঙ্ঘ্রি-স্থিরভক্তিদাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৭॥
স্বার্চাপরাণামখিলেষ্টদাভ্যাং স্বাহাসহায়াক্ষ-ধুরন্ধরাভ্যাম্।
স্বান্তাচ্ছভাব-প্রদপূজনাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৮॥
কামাদিসর্প-ব্রজগারুড়াভ্যাং বিবেকবৈরাগ্য-নিধিপ্রদাভ্যাম্।
বোধপ্রদাভ্যাং দ্রুতমোক্ষদাভ্যাং নমো নমঃ শ্রীগুরুপাদুকাভ্যাম্॥৯॥

সন্ধ্যা সমাপন :—

পরিশেষে সংহারমুদ্রা(*) দ্বারা সূর্য্যমণ্ডল হইতে ইষ্টদেবতাকে স্বহৃদয়ে আনয়ন ও স্থাপন করতঃ সন্ধ্যা সমাপন করিতে হয়।

॥ ইতি তান্ত্রিক সন্ধ্যা সমাপ্ত ॥

(*) 'সংহার-মুদ্রা':— বামহস্তকে উপুড় করিয়া রাখিয়া তার উপর দক্ষিণহস্তকে চিৎ করিয়া রাখিয়া, বামহস্তের অঙ্গুলিগুলির মধ্যে দক্ষিণহস্তের অঙ্গুলিগুলি প্রবেশ করাইয়া, একটি মোচড় দিয়া উভয় হস্ত ঘুরাইয়া, তর্জনীদ্বয় বাহির করিয়া লইলে সংহারমূদ্রা হয়।

–:: সংক্ষেপ সন্ধ্যা ::–

কোন কারণে সন্ধ্যা করিতে অশক্ত হইলে, ইষ্টদেবতার প্রতি ক্ষমাপ্রার্থনা করতঃ নিম্নপ্রকারে সংক্ষেপ সন্ধ্যা করিবে। যথা—

সংক্ষেপসন্ধ্যামথবা কুর্য্যান্মন্ত্রীহ্যশক্তিতঃ।
সায়ং প্রাতশ্চ মধ্যাহ্নে দেবং ধ্যাত্বা মনুং জপেৎ॥
— গৌতমীয়ে।

সন্ধ্যায় অশক্ত হইলে আচমন, অর্ঘ্যদান, গায়ত্রী জপ ও মূল-মন্ত্র জপ করিবে। তাহাতেও অসমর্থ হইলে কেবলমাত্র ধ্যান সহকারে ইষ্টমন্ত্র জপ করিবে।

সন্ধ্যায়াং পতিতায়ান্তু গায়ত্রীং দশধা জপেৎ॥

যদি সন্ধ্যার সময় অতীত হয়, তবে প্রায়শ্চিত্ত স্বরূপ দশবার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যা করিবে।

॥ ইতি সংক্ষেপ সন্ধ্যা সমাপ্ত ॥

–::পূজাদির আধার, প্রকার ও দ্রব্য বিষয়াদি ::–

সনাতন শাস্ত্রোক্ত কুল-ইষ্টদেবতার বীজমন্ত্রে দীক্ষিতদের ইষ্টপূজা অবশ্য কর্তব্য। বিপ্রগণের গনেশ, বিষ্ণু ও শিবপূজা অবশ্য কর্তব্য। কুল-ইষ্টদেবতার মন্ত্রে দীক্ষিতদের প্রাতঃসন্ধ্যা শেষ করিবার পর অবশ্যই গনেশ, বিষ্ণু ও শিব পূজা সহকারে গুরু ও ইষ্ট দেবতার পূজা করিতে হয়। পূজাকালে ক্রমে গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, শক্তি, নবগ্রহ, দশদিক্‌পাল এবং সর্বদেবদেবীর পূজা শেষ করিবার পর ইষ্টপূজা করিবে। যদিও পঞ্চদেবতার পূজার সময় শিবপূজা এবং বিষ্ণুপূজা নির্দিষ্ট আছে, তথাপি মঙ্গলার্থী ব্যক্তিগণ পুনঃ পৃথকভাবে শিব ও বিষ্ণুপূজা করিবে।

পূজাদির আধার :—

লিঙ্গস্থণ্ডিলবহ্ন্যম্বুযন্ত্রকুড্যপটেষু চ।
মণ্ডলে বিশিখে মুর্দ্ধ্নি, হৃদি বা দশ কীর্তিতাঃ॥

এষু স্থানেষু দেবেশি যজন্তি পরমাং শিবাম্।
অরূপাং রূপিণীং কৃত্বা কর্মকাণ্ডরতা নরাঃ॥

গবাং সর্বাঙ্গজং ক্ষীরং স্রবেৎ স্তনমুখাৎ যথা।
তথা সর্বগতো দেবঃ প্রতিমাদিষু রাজতে॥

আভিরূপ্যাচ্চ বিশ্বস্য পূজায়াশ্চ বিশেষতঃ।
সাধকস্য চ বিশ্বাসাৎ দেবতাসন্নিধির্ভবেৎ॥

অর্থাৎ লিঙ্গ (প্রতিমা), স্থণ্ডিল (যজ্ঞবেদী), বহ্নি (অগ্নি), অম্বু (জল), যন্ত্র (দেবতার যন্ত্র), কুড্য (ভিত্তি), পট (আলেখ্য), মণ্ডল (পঞ্চবর্ণের গুঁড়ি দ্বারা রচিত চিত্রবিশেষ), বিশিখ (অস্ত্রাদির অবয়ব), এবং হৃদয়, এই দশ পূজার আধার। কর্মকাণ্ডনিরত সাধকগণ এই দশের মধ্যে যে কোনো এক আধারে দেবতার পূজা করিতে পারেন। যেমন দুগ্ধ গাভীর সর্বাঙ্গজ হইলেও একমাত্র স্তনমুখেই ক্ষরিত হয়, তদ্রূপ দেবতা সর্বব্যাপী হইলেও প্রতিমাদি'বিশেষে বিশেষ'স্থানে ব্যক্তভাব প্রাপ্ত হন। প্রতিমাদির আভিরূপ্য, পূজার উৎকৃষ্টতা এবং পূজকের গাঢ়-ভক্তি, এই তিনের উপরে উক্ত যে'কোনো পূজাধারে পূজ্যদেবতার আবির্ভাব হইয়া থাকে।

পূজার প্রকার :—

বাহ্য'পূজা এবং মানস'পূজা রূপে দেবপূজা দ্বিবিধ। বাহ্য'পূজা, বাহ্যিক উপকরণাদি সহযোগে বহিঃকর্মকাণ্ডের উপর ভিত্তি করিয়া সম্পন্ন হইয়া থাকে; অপরপক্ষে অন্তর্যাগ'বিধানানুসারে মানসপূজা সম্পন্ন হয়। দেবতা মাত্রেরই পূজায় ধ্যানের পর মানস-উপচারে পুজা করিতে হয়।

বহির্যজন (বাহ্যিক উপচারে পূজা) ও উপচার বিশেষ :—

সাধারনতঃ বহির্যজন বা বাহ্যিক উপচারে পূজা ষোড়শ'উপচারে, দশ'উপচারে, পঞ্চ'উপচারে, দ্বি'উপচারে ও এক'উপচারে হয়। শক্তাশক্ত ভেদে উপচারের ভেদাভেদ হইয়া থাকে। তথাপি পূজা প্রসঙ্গে নানাবিধ উপাচার নিম্নে প্রদত্ত হইল—

- একোপচার :- ১. পুষ্প, পত্র অথবা জল।
- দ্বি'উপচার :- ১. গন্ধ ও ২. পুষ্প।
- পঞ্চোপচার :- ১. গন্ধ, ২. পুষ্প, ৩. ধূপ, ৪. দীপ ও ৫. নৈবেদ্য।
- দশোপচার :- ১. পাদ্য, ২. অর্ঘ্য, ৩. আচমনীয়, ৪. মধুপর্ক (বা স্নানীয়), ৫. গন্ধ, ৬. পুষ্প, ৭. ধূপ, ৮. দীপ, ৯. নৈবেদ্য ও ১০. পুনরাচমনীয় বা পানার্থ জল।
- ষোড়শোপচার :- ১. পাদ্য, ২. অর্ঘ্য, ৩. আচমনীয়, ৪. স্নানীয়, ৫. বসন, ৬. ভূষণ, ৭. গন্ধ, ৮. পুষ্প, ৯. ধূপ, ১০. দীপ, ১১. নৈবেদ্য, ১২. আচমনীয়, ১৩. তাম্বুল, ১৪. স্তোত্র, ১৫. তর্পণ ও ১৬. নমস্কার। ইহা ছাড়া তাম্বুল (পান) ও পানার্থ জলও দেওয়া হয়।
- অষ্টাদশোপচার :- ১. আসন, ২. স্বাগত, ৩. পাদ্য, ৪. অর্ঘ্য, ৫. আচমনীয়, ৬. স্নানীয়, ৭. বস্ত্র, ৮. যজ্ঞোপবীত, ৯. ভূষণ, ১০. গন্ধ, ১১. পুষ্প, ১২. ধূপ, ১৩. দীপ, ১৪. অন্ন, ১৬. তর্পণ, ১৭. মাল্য ও অনুলেপন ও ১৮. নমস্কার। ইহা ছাড়া তাম্বুল ও পানার্থ জলও দেওয়া হয়।

  এতদ্ব্যতীত ষটত্রিংশৎ (৩৬) ও চতুঃষষ্টি (৬৪) উপচার প্রভৃতিতেও পূজা করিবার বিধি আছে।

নির্বাচিত দ্রব্যাদির বিবরণ :—

- আসন :- স্বর্ণাসন, রজতাসন, পুষ্পাসন ইত্যাদি।
- স্বাগত :- দেবতার শুভাগমন প্রশ্ন করার নাম স্বাগত প্রশ্ন।
- পাদ্য :- পাদ প্রক্ষালনার্থ জল।
- অর্ঘ্য :- গন্ধ, পুষ্প, দূর্বা, অক্ষত (তণ্ডুল অর্থাৎ আতপ চাউল) এবং জল।
- আচমনীয় :- আচমনার্থ জল।
- পুনরাচমনীয় :- পুনরায় আচমনার্থ জল।
- স্থানীয় :- স্নানার্থ, সুগন্ধ ও সুশীতল জল।

- মধুপর্ক :- দধি, ঘৃত, মধু, রম্ভা ইত্যাদি একটি কাংস্য পাত্রে করিয়া লইতে হয়। বিষ্ণুপূজাদি করিবার কালে সকলে মধূপর্কে নারিকেল-জল দিবে না; নারিকেলের জল দেওয়া কেবল বীরাচারী পূজার বিধি।
- বস্ত্র :- পরিধানার্থ বসন।
- আভরণ :- স্বর্ণ, রজত, পুষ্প ইত্যাদি নির্মিত অলঙ্কার।
- গন্ধ :- শ্বেত চন্দন, রক্ত চন্দন।
- পুষ্প :- দেবতার বিহিত পুষ্প।
- নৈবেদ্য :- আতপ তণ্ডুল, রম্ভা ও নানাপ্রকার মিষ্টমধুর দ্রব্য; আতপ চাউল না হইয়া কেবল মিষ্টান্নাদিও নৈবেদ্য হইতে পারে।

ইষ্ট দেবতার পূজার যন্ত্র, ঘট, মূর্তি, ইত্যাদি :—

নিজ 'ইষ্টদেবতার যন্ত্রে', নিজ ইষ্ট দেব-দেবীর পূজা করা শ্রেয়; অন্যথা জলের উপরও ইষ্ট দেব-দেবীর পূজা করা চলতে পারে। সাধারণতঃ নারায়ণ এবং বাণেশ্বর বা প্রতির্ষ্ঠিত শিবলিঙ্গের উপর নিজ দেব-দেবীর পূজা চলতে পারে। যদি শিবলিঙ্গ না থাকে, তাহলে বিষ্ণুর উপর শিব প্রভৃতি সকল দেব-দেবীর পূজা চলতে পারে। যাহারা দীক্ষিত, তাহারা যদি পার্থিব (মাটির তৈরী) শিবলিঙ্গও সংগ্রহ করতে না পারেন, তাহলে বাণেশ্বরের কিংবা বিষ্ণুর উপরও শিবপূজা করিতে পারিবে। ইষ্ট দেব-দেবীর স্থাপিত মূর্তি বা ঘট ইত্যাদি থাকিলে, সেই মূর্তি বা ঘট ইত্যাদির উপর ইষ্ট'দেবতার পূজা করিবে। প্রতির্ষ্ঠিত ঘটাদি এবং নারায়ণ পূজা করিবার সময়, আবাহন করা আবশ্যক নয়। প্রতিমা, ঘট, পট, যন্ত্র, শালগ্রাম প্রভৃতি কিছুই না থাকিলে, কেবল জলের উপর সকল দেব-দেবীর পূজা করা চলতে পারে। পার্থিব শিবলিঙ্গের উপর শিবপূজা ভিন্ন অন্য কোন দেব-দেবীর পূজা করা শাস্ত্রবিরুদ্ধ। শিব ও শক্তিপূজা উত্তরমুখে এবং অন্যান্য দেব-দেবীর পূজা পূর্বমুখে বা উত্তরমুখে বসে করা যাইতে পারে। উপনীত বিপ্রগণ (যাহার উপনয়ন হয়েছে) ছাড়া প্রতিমা ও শালগ্রাম পূজার অধিকার নাই। তৎব্যতীত অন্যেরা ইষ্ট দেব-দেবীর পূজা ইষ্ট যন্ত্রে, পটে, ঘটে, মূর্তি ইত্যাদি বা জলে সম্পন্ন করিবে। একত্রে দুই শিবপূজা, দুই গণেশপূজা, দুই শক্তিপূজা, দুই সূর্য্যপূজা এবং দুই শালগ্রাম পূজা করিবে না।

পূজার ফুল পত্রাদি :—

দেবতাভেদে পুষ্পাদিভেদ। শক্তিপূজায় বিহিত পুষ্প যথা— কুমুদ, কহ্লার, উৎপল, শেফালিকা, কুন্দ, জবা, শ্বেত দ্রোণ, পদ্ম, রক্ত ও শ্বেতকরবী, অতসী ও অপরাজিতা পুষ্পাদি। যোগিনীতন্ত্র অনুসারে- পীত ঝিন্টী, টগর, তুলসী, মন্দার, কুশ ও কাশপুষ্পে দেবীপূজা করিবে না। স্ত্রীদেবতা এবং শবারুঢ়া দেবীকে পূজা করিবার সময় তুলসী দিবে না। শিবপূজায় প্রশস্ত পুষ্প যথা—

দ্রোণ, করবী, অপরাজিতা, ধূতুরা, আকন্দ, কহ্লার, টগর, মল্লিকা, যুথিকা, কেতকী, কুমুদ, রক্তপদ্ম, চম্পক ও বিল্বপুষ্পাদি। শিবকে কেবল তিনটি তুলসী দিয়ে পূজা করা যাইতে পারে। কুন্দ, শেফালিকা, জবা, জাতি ও মালতী ফুল এবং গর্তযুক্ত দূর্বা শিবকে প্রদান করিবে না। বিষ্ণু পূজায় প্রশস্ত পুষ্প যথা— মল্লিকা, মালতী, জাতি, কেতকী, অশোক, চম্পক, বকুল, পদ্ম, করবী, পলাশ, নাগকেশর, বক, টগর, শ্বেতজবা, ভূমিচম্পক, অতসী, যুথিকা, কুন্দ, কদম্ব, পাটল, লবঙ্গ, কুরুবক, কহ্লার ও বাসক পুষ্পাদি। রক্তচন্দন, রক্তপুষ্পে, বিল্বপত্রে, বিল্বপুষ্পে, যন্ত্রপুষ্পে, আকন্দ ও ধতুরপুষ্পে বিষ্ণুপূজা করিবে না। সূর্য্য ও গণেশের রক্ত পুষ্প অতিপ্রিয়।

যামল অনুসারে- কেবল অক্ষত দ্বারা বিষ্ণু, কেবল তুলসী দ্বারা গনেশ, কেবল দূর্বা দ্বারা দুর্গা, এবং কেবল বিল্বপত্র দ্বারা সূর্য্য পূজা করিবে না। উগ্রগন্ধ, গন্ধহীন বা বাসি ফুলে পূজা হয় না। বিল্বপত্র, তমালপত্র, আমলকীপত্র, তুলসীপত্র, কুন্দপুষ্প, কহ্লারপুষ্প, পদ্মপুষ্প, বকপুষ্প এবং পুষ্প-কলিকা বাসী হয় না। পদ্ম'পুষ্প তিনদিন অবধি শুদ্ধ থাকে। তুলসীপত্র এবং বিল্বপত্র সর্বদা শুদ্ধ থাকে। ভূ'পতিত এবং বৃন্তশূন্য পুষ্প স্পর্শযোগ্য নয়; কিন্তু শেফালী ও মৌলশিরী পুষ্প এবং বিল্বপত্র ভূ'পতিত হইলেও পূজায় প্রশস্ত। বৃন্তহীন বকুল, অশোক এবং অর্জুন পুষ্প সকল দেবতার পূজায় প্রশস্ত; ইহারা বৃন্তযুক্ত হইলে ত্যাজ্য। অথচ অপরাজিতা, নাগকেশর পুষ্প বৃন্তযুক্ত হইলেই পূজায় প্রশস্ত। পদ্মপুষ্প, জাতিপুষ্প, বিল্বপত্র ও তুলসীপত্র ছিন্ন-ভিন্ন হইলেও দুষিত হয় না। পদ্ম ও চম্পক ভিন্ন অন্য কোনো পুষ্প-কলিকার দ্বারা দেবতার পূজা করিবে না। দূর্বা সর্বপুষ্পময়ী, দূর্বা দ্বারা পূজা করিলে সর্ব পুষ্প দ্বারা পূজার ফললাভ হয়। বাসি, ছিন্ন, কীটদন্ত, মলিন, ভিজা বা অস্পৃশ্য-স্পর্শিত পুষ্পাদি দেবতাকে দিতে নাই। বিল্বফল ও দাড়িম্ব কখনো নির্মাল্য হয় না। পূজাদিতে পুষ্প না থাকিলে, বিষ্ণু ব্যতীত অন্য পূজায় কেবল তণ্ডুল, দেবতাবিশেষে কেবল বিল্বপত্র, বা সকলকে কেবল জল দ্বারা পূজা করিলেও, পূজা সিদ্ধ হয়।

পুষ্প এবং তুলসী যেমন ভাবে বৃক্ষে উৎপন্ন হয়, সেই প্রকারেই অঙ্গুষ্ঠ ও তর্জনী দ্বারা ধরিয়া দেবতাকে দিতে হয়। তুলসী চিৎভাবে উৎপন্ন হয়, অতঃ চিৎভাবেই দিতে হয়। কেবল বিল্বপত্র অধোমুখ অর্থাৎ উপুড় করিয়া দিতে হয়। বহু পুষ্প বা বহু বিল্বপত্রাদি একত্রে দিতে হইলে, চিৎ-উপুড়ের নিয়ম নাই। বিষ্ণুক্রান্তা ব্যতীত সর্বত্র বিল্বপত্র বোঁটা ফেলিয়া দিবার বিধান আছে।

পুনঃ এমনও উক্ত আছে, প্রকৃত ভক্তিমান উপাসক ভক্তিপূর্ণ হৃদয়ে যাহা দেন, দেবতা তাহাই গ্রহণ করিয়া থাকেন, অতএব হেন ভক্তের পক্ষে কোনোরূপ পুষ্প'দ্রব্যাদি দেওয়ায় বাধা নাই।

ধূপ ও দীপ :—

ধূপ বহু প্রকারের আছে; পূজাদিতে ষড়ঙ্গ ধূপ শ্রেয়। শর্করা (চিনি), মধু, ঘৃত, শ্বেতচন্দন'কাষ্ঠ, অগুরু'কাষ্ঠ এবং গুগ্গুল -এই সকল দ্রব্য একসঙ্গে বাটিয়া রোদে শুকাইয়া ষড়ঙ্গ ধূপ নির্মিত

হয়। ধূপের ক্ষেত্রে বংশ’শলাকা বর্জন করিবে। ধূপপাত্র অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা ধরিয়া, দেবতার নাসিকা পর্য্যন্ত তিনবার ঘুরাইয়া, বামদিকে কোন পাত্রের উপরে রাখিতে হয়। ধূপ দেবতার ঘট, আসন বা মৃত্তিকায় রাখিতে নাই। দীপও ঐ প্রকারে ধারণ করিয়া দেবতার পাদ হইতে চক্ষু পর্য্যন্ত দশবার ঘুরাইয়া দেবতার দক্ষিণ দিকে রাখিবে। দীপ তিল’তৈলে বা ঘৃত দ্বারা প্রজ্বালিত করা শ্রেয়। দীপের ক্ষেত্রে মোমবাতি বর্জন করিবে।

অর্ঘ্যপাত্র :—

সামান্যার্ঘ্য ও বিশেষার্ঘ্য পৃথক্ দুই পাত্রে স্থাপন করিবে, কদাচ এক পাত্রে উভয় অর্ঘ্য স্থাপন করিবে না। সকল দেবতার পূজায় অর্ঘ্যস্থাপন কার্য্যে শঙ্খপাত্র প্রশস্ত, কেবল শিব এবং সূর্য্য পূজাতে শঙ্খপাত্র ব্যবহার করিবে না।

জপ ও পূজার আসনাদি :—

হংসমাহেশ্বর তন্ত্র অনুসারে, কম্বলাসনে, পট্টসূত্র নির্মিত কোমলাসনে, কুশাসনে, দারু’আসনে (কাষ্ঠাসনে) জপ-পূজাদি কার্য্যসিদ্ধিদায়ক। যে জন লোমযুক্ত চর্মাসনে উপবিষ্ট হইয়া সাধনাদি করে, তাহার সকল কার্য্য নিষ্ফল হয়। কাম্য কর্ম সাধনে কম্বলাসন প্রশস্ত, তন্মধ্যে রক্ত কম্বল শ্রেষ্ঠ। জ্ঞানসিদ্ধি কার্য্যে কৃষ্ণাজিন অর্থাৎ কৃষ্ণমৃগচর্মাসন প্রশস্ত। মোক্ষ ও সম্পৎ কামনায় ব্যাঘ্রচর্মাসন প্রশস্ত। মন্ত্রসিদ্ধি কার্য্যে কুশাসন প্রশস্ত। মৃত্তিকাসনে অর্থাৎ ভূমিতে উপবেশন করিয়া কার্য্য করিলে দুঃখ; বংশাসনে দারিদ্র; পাষাণে রোগপীড়া; তৃণাসনে অর্থাৎ ঘাসের আসনে যশহানি; পত্রাসনে চিত্ত-বৈকল্য প্রাপ্ত হয়। কেবলমাত্র বস্ত্রাসনেও, জপ, ধ্যান ও তপস্যার হানি হয়, অথচ কুশাসনোপরি বস্ত্রাসন প্রশস্ত, তাহাতে রোগ নিবারণ হয়। যোগিনীহৃদয় তন্ত্রানুসারে আদিক্ষিত গৃহস্থ কদাচ কৃষ্ণমৃগচর্মাসনে উপবেশন করিবে না। ব্রহ্মচারী, বনবাসী এবং ভিক্ষুক কৃষ্ণমৃগচর্মাসনে উপবেশন করিতে পারিবে। আগমকল্পদ্রুম অনুসারে মেষচর্ম, ব্যাঘ্রচর্ম, গজচর্ম, উষ্ট্রচর্ম ও সর্পচর্ম আসন অভিচার কার্য্যে (অর্থাৎ ষট্‌কর্মে) বিহিত।

পূজার দ্রব্যাদির নির্মাল্য কালাদি :—

পট্টসূত্র নির্মিত শাড়ি ষন্মাসে (ছয়মাসে) নির্মাল্য হয়। অন্য পট্টবস্ত্র তিনমাসে নির্মাল্য হয়। যজ্ঞসূত্র একদিনে নির্মাল্য হয়। মোদক ও তিলতণ্ডুল নির্মিত মিষ্টদ্রব্য অর্ধযামে (অর্থাৎ অর্ধ’প্রহরে) নির্মাল্য হয়। দধি এবং দুগ্ধ এক’মুহূর্তে নির্মাল্য হয়। ঘৃত এক’যামে (অর্থাৎ এক’প্রহরে) নির্মাল্য হয়। নৈবেদ্য এবং তাম্বুল নিবেদনমাত্রে নির্মাল্য হয়। অন্ন এবং পরমান্ন যাবৎ কাল উষ্ণ থাকে, তাবৎ নির্মাল্য হয় না। বিল্বফল ও দাড়িম্বফল কখনো নির্মাল্য হয় না। অখণ্ড ফল দেবতাকে নিবেদন করিলে কৈবল্য’পদ লাভ হয়।

বাহ্য মালা :—

রুদ্রাক্ষ, শঙ্খ, পদ্মবীজ, জীবপুত্রিকা, মুক্তা, স্ফটিক, মণি, রত্ন, সুবর্ণ, প্রবাল, রৌপ্য এবং কুশমূলের মালা ইত্যাদি, গৃহস্থ ব্যক্তি দ্বারা বাহ্যজপের জন্য প্রশস্ত। অঙ্গুলিতে জপ করিলে এক'গুণ ফল হয়; অঙ্গুলিপর্বে জপ করিলে অষ্ট'গুণ ফল হয়; জীবপুত্রিকা মালায় দশ'গুণ ফল হয়; শঙ্খমালায় শত'গুণ ফল হয়; প্রবাল মালায় সহস্র'গুণ ফল হয়; মণি, রত্ন ও স্ফটিক মালায় দশসহস্র'গুণ ফল হয়; মৃক্তা মালায় লক্ষ'গুণ ফল হয়; পদ্মমালায় দশলক্ষ'গুণ ফল হয়; সুবর্ণ মালায় কোটি'গুণ ফল হয়; কুশমূল মালায় শতকোটি'গুণ ফল হয়; এবং রুদ্রাক্ষ মালায় অনন্ত ফল লাভ হয়। কালিকাপুরাণে কথিত আছে– যে ব্যক্তি একজাতীয় মালার মধ্যে অন্য জাতীয় মালা যোগ করিয়া জপ করে, ভাগবতী তাহাকে কোনরূপ কাম্য বা মোক্ষ ফল প্রদান করেন না। যে কোনো মালাতে জপকালে, মালার মেরু কদাপি লঙ্ঘন করিবে না।

নিষিদ্ধ বাদ্যাদি :—

শিবাগারে ঝল্লকঞ্চ সুর্য্যাগারে চ শঙ্খকম্।
দুর্গাদ্বারে বংশীবাদ্যং মাধুরীঞ্চ ন বাদয়েৎ।
বিরিঞ্চেস্তু গৃহে ঢক্কাং ঘন্টাং লক্ষ্মীগৃহে ত্যজেৎ॥

শিবের নিকট করতাল নিষিদ্ধ; সুর্য্যের নিকট শঙ্খ নিষিদ্ধ; দুর্গার নিকট বাঁশী নিষিদ্ধ; ব্রহ্মার নিকট ঢাক নিষিদ্ধ; এবং লক্ষ্মীর নিকট ঘন্টা নিষিদ্ধ।

ধ্যান :—

ধ্যানন্তু দ্বিবিধং প্রোক্তং স্বরূপারূপভেদতঃ।
অরূপং তব যদ্ধ্যানমবাঙ্মনসগোচরম্॥

অব্যক্তং সর্বতো ব্যাপ্তমিদমিত্থং বিবর্জিতম্।
অগম্যং যোগিভির্গম্যং কৃৎস্নৈর্বহু সমাধিভিঃ॥

মনসো ধারণার্থায় শীঘ্রস্বাভীষ্টসিদ্ধয়ে।
সূক্ষ্মধ্যান প্রবোধায় স্থূলধ্যানং বদামি তে॥

ধ্যান সাকার (স্থূল) ও নিরাকার (সূক্ষ্ম) ভেদে দ্বিবিধ; তন্মধ্যে নিরাকারের ধ্যান বাক্য ও মনের অগোচর। ইহা অব্যক্ত ও সর্বব্যাপী। ইহা বাক্যের দ্বারা ব্যক্ত করা যায় না। ইহা সাধারণের অগম্য; কেবল যোগিগণই সমাধিবলে এবং বহু কষ্টে হৃদয়ঙ্গম করিতে পারেন। সাধারণের মনে ধারণা আছে যে, শীঘ্র অভীষ্টসিদ্ধি এবং ভবিষ্যতে সূক্ষ্ম ধ্যানবোধের জন্য স্থূল

ধ্যান কথিত হইয়াছে। দেবতার শক্তি সূক্ষ্ম শক্তি, অতএব ধ্যানও সূক্ষ্ম। কিন্তু বিষয়বোধে আচ্ছন্ন স্থূল মানবের তাহা বোধগম্য নয় বলিয়া, দেবতার স্থূল ধ্যানের প্রয়োজন। হেন ধ্যানাদি দ্বারা মানব ভবিষ্যতে সূক্ষ্ম ধ্যান বুঝিবার শক্তি প্রাপ্ত হইয়া থাকে। স্থূল ধ্যানও মন্ত্র ও তন্ত্র ভেদে এক এক দেবতার বহু প্রকারের আছে। যেমন একই বিষ্ণুদেবতা, কিন্তু তাঁহার একাক্ষর মন্ত্রের উপাসনায় যেই ধ্যান, অষ্টাক্ষর মন্ত্রের উপাসনায় সেই ধ্যান নয়। তেমনি একই শক্তি দেবতার যন্ত্র-ভেদে বিভিন্ন ধ্যান বিহিত আছে। আবার পুরাণ’ভেদে বা তন্ত্র’ভেদে একই মূর্তির বিভিন্ন ধ্যান পরিদৃষ্ট হইয়া থাকে। যিনি যে মন্ত্রের উপাসক, তাঁহার সেই মন্ত্রের ধ্যানই পাঠ করা কর্তব্য। তবে তা নিতান্ত না জানতে পারলে, অন্য ধ্যান পাঠেও পূজাদি চলতে পারে। ধ্যান বলতে কোন মন্ত্রবিশেষ’কে বুঝায় না। আক্ষরিক অর্থে ধ্যান, সম্যক নিরবচ্ছিন্ন চিন্তা। ধ্যান মন্ত্রে যে রূপের বর্ণনা আছে, নিরবচ্ছিন্ন চিত্তে সেই রূপ চিন্তা করাই ধ্যান। স্থূল ধ্যানের ক্ষেত্রে, কূর্মমুদ্রা করিয়া তন্মধ্যে ধ্যানের উদ্দেশ্যে পুষ্প বা জল লইয়া, মন্ত্রোচ্চারণপূর্বক মন্ত্রবর্ণিত রূপের চিন্তা করিতে হয়।

প্রণাম :—

প্রণাম দ্বিবিধ। মন্ত্র পাঠ করিয়া মনে-মনে যে প্রণাম করা হয়, তাহা মান্ত্রিক। মস্তক নত করিয়া কায়দ্বারা যে প্রণাম করা হয়, তাহা কায়িক। কায়িক প্রণামও দ্বিবিধ। বাহু, পাদ, জানু, বক্ষ ও মস্তক ভূপতিত করিয়া, চক্ষুতে দর্শন, মুখে মন্ত্রবাক্য এবং দেবতার চরণে মন সমর্পণে অষ্টাঙ্গ প্রণাম হয়। আবার বাহু, জানু, মস্তক, বাক্য, ও চক্ষু এই পঞ্চ অবয়বের প্রণাম, পঞ্চাঙ্গ প্রণাম।

পূজার ক্রমাদি :—

যে কোনো দেবতার পূজা করিতে হইলে প্রথমে আচমন, বিষ্ণুস্মরণ, গন্ধাদি অর্চনা, নারায়ণাদি অর্চনা, স্বস্তিবাচন, সঙ্কল্প, জলশুদ্ধি, আসনশুদ্ধি, গুরু-পঙক্তি প্রণাম, করশুদ্ধি, পুষ্পশুদ্ধি, ভূতাপসারণ, দির্ঘন্ধন, ভূতশুদ্ধি, ব্যাস, প্রাণায়াম ও মানস পূজাদি, গণেশাদি পঞ্চদেবতা (গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, শক্তি), নবগ্রহ, দশদিকপাল, সর্বদেবদেবীর পূজা ও পীঠপূজা (গন্ধপুষ্পদ্বারা বা উক্ত উপচারে পূজা) করিয়া পুনঃ ধ্যান, আবাহন ও প্রধান পূজা করিতে হয়।

একাসনে বসিয়া একাধিক দেব-দেবীর পুজা করিতে হইলে, আচমনাদি ও পঞ্চদেবতাদির পূজা একবার করিলেও চলিবে। নারায়ণাদি নিত্যপুজায়, অনেকেই ন্যাসাদি করেন না এবং তাহাতে সঙ্কল্প করিবারও আবশ্যকতা নাই। পূজাকার্য্যে প্রথমে ভূতশুদ্ধি না করিয়া পূজার জন্য ফললাভ হয় না। সকল উপাসকগণেরই প্রথমে গণেশ, বিষ্ণু এবং শিব পূজা কর্তব্য।

স্নান, সন্ধ্যা, পূজা, স্তোত্র পাঠ এবং হোম —এই সমুদয় কর্ম, আহ্নিক কর্ম নামেও পরিচিত।

–:: নিত্য ইষ্টদেবতা পূজার সাধারণ পদ্ধতি ::–

স্নানাদি নিত্যক্রিয়া উপরান্তে নিজ হস্ত-পাদ প্রক্ষালন করিয়া, উত্তর বা পূর্বাভিমুখে আসনে উপবেশনপূর্বক; প্রথমে নিজ কুলদেবতা এবং ইষ্টদেবতাকে স্মরণ করিবে। অতঃপর নিজ বামপার্শ্বে প্রদীপ প্রজ্বলন করিয়া, দক্ষিণপার্শ্বে ধূপ প্রজ্বলন করিয়া; বামহস্তের নিকট নৈবেদ্য স্থাপন করিয়া; এবং দক্ষিণহস্তের নিকট পুষ্পপাত্র স্থাপন করিয়া (পুষ্পপাত্রে বিবিধ পুষ্প, রক্তপুষ্প, দূর্বা, তণ্ডুল (আতপ চাউল), শ্বেতচন্দন, রক্তচন্দন, শ্বেত তুলসীপত্র এবং বিল্বপত্র ইত্যাদি সাজাইয়া লইয়া), নিজ অগ্রে কোশা-কুশী (জলপাত্র) ও তাম্রপাত্র (নিবেদনপাত্র) স্থাপন করিয়া, কোশা'টি ত্রি-চতুর্থাংশ জলপূর্ণ করিয়া, তাহাতে তুলসীপত্র, বিল্বপত্র, অক্ষত ও পুষ্প স্থাপন করিবে। ইষ্ট'দেবতার নিত্যপূজাদিতে, নিম্নোক্ত ক্রমাদি অনুসরণ করিতে পারিবে।

আচমন :–

জলপাত্র হইতে জল লইয়া [দক্ষিণহস্ত গোকর্ণাকৃতি (অর্থাৎ গরুর কান'এর ন্যায় হাতের তেলো) করিয়া, তন্মধ্যে একটিমাত্র মাষকলাই ডুবিতে পারে, এই পরিমান জল লইয়া], ইষ্ট'স্মরণ করিতে-করিতে, নিম্ন মন্ত্র পাঠ করতঃ, ঐ জল ত্রিধা (অর্থাৎ তিনবারে), ব্রাহ্মতীর্থ(*) দ্বারা পান করিবে যেন গলা পর্য্যন্ত ভিজিতে পারে; এর অধিক বা কম পরিমান জলে শোণিত'পানের ফল হয়। মন্ত্র যথা:—

"ওঁ(**) বিষ্ণু॥" । "ওঁ বিষ্ণু॥" । "ওঁ বিষ্ণু॥"

অতঃপর দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলির তলদেশ দ্বারা, নিজ ওষ্ঠাধর দক্ষিণপ্রান্ত হইতে বামপ্রান্তের প্রতি মুছিয়া লইবে। অতঃপর মধ্যের তিনটি অঙ্গুলি দ্বারা নিজ ওষ্ঠাধর স্পর্শ করিবে। উক্ত অচমনের পর নিজ চক্ষুঃকর্ণনাসিকাদি ইন্দ্রিয়সকল স্পর্শ করিবার বিধান; ইহাতে তত্তৎ ইন্দ্রিয়ের শান্তি বিধান হয়। পরে অবশ্যই উক্ত হস্ত প্রক্ষালন করিয়া লইবে।

(*) 'আচমনাদি':— 'ব্রাহ্মতীর্থে' আচমন করিতে হয়। অঙ্গুষ্ঠের মূলদেশকে 'ব্রাহ্মতীর্থ' বলে; একযোগে প্রত্যেক অঙ্গুলির অগ্রভাগকে (একত্রে) 'দেবতীর্থ' বা 'দৈবতীর্থ' বলে। তর্জনীর মূলদেশ অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যদেশকে 'পিতৃতীর্থ' বলে। এবং কনিষ্ঠার মূলদেশকে 'প্রজাপতিতীর্থ' বা 'কায়তীর্থ' বলে। পুনঃ, দক্ষিণহস্তের মধ্যবর্তী তালু'কে 'অগ্নিতীর্থ' বলে; বামহস্তের মধ্যবর্তী তালু'কে 'সোমতীর্থ' বলে। তাছাড়া, অঙ্গুলিদের ভাঁজ এবং সন্ধিক্ষেত্র'কে 'ঋষিতীর্থ' বলে। দেবতাদিগের উদ্দেশ্যে জলাঞ্জলি 'দেবতীর্থ' দ্বারা করিতে হয়; ঋষিগণের উদ্দেশ্যে জলাঞ্জলি 'কায়তীর্থ' দ্বারা করিতে হয়; এবং পিতৃগণদের উদ্দেশ্যে জলাঞ্জলি 'পিতৃতীর্থ' দ্বারা করিতে হয়।

(**) 'ওঁ':— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি (তথা স্ত্রীগণ) অদ্য "প্রাত্যহিক সন্ধ্যাবন্দন"-গ্রন্থে 'ওঁ'-এর ক্ষেত্রে- 'ওঁ' অথবা 'নমঃ' উচ্চারণ করিবে।

অতঃপর করজোড়ে নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা:—

"ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং, সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্‌॥"

অতঃপর পূর্ব নিয়মে পুনঃ আচমন করিয়া, উক্ত হস্ত প্রক্ষালন করিয়া লইবে।

আসন শুদ্ধি :–

নিজের বসার আসনের নিচে বা বামপার্শ্বে জলদ্বারা একটি নিম্নমুখ ত্রিকোণ মণ্ডল অঙ্কন করিয়া, নিম্ন মন্ত্রে তাহাতে একটি ফুল প্রদান করিবে। মন্ত্র যথা:—

"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে আসনায় নমঃ॥"

অতঃপর নিজ সম্মুখপার্শ্বে, দুইহস্ত একের উপর এক আড়াআড়ি ভাবে রাখিয়া, সেই অবস্থায় নিজের বসার আসন স্পর্শ করিয়া, নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা:—

"ওঁ আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলংছন্দঃ
কূর্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ॥"

"ওঁ পৃথ্বিত্বয়া ধৃতালোকা দেবিত্বং বিষ্ণুনাধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্‌॥"

গুর্বাদি স্মরণ :–

অনন্তর ক্রমানুসারে নিম্ন মন্ত্রে গুরুঃ আদি প্রণাম করিবে। মন্ত্র যথা:—

বাম'ভাগে—

"ওঁ গুরুভ্যো নমঃ॥"

বাম-সম্মুখ'কোণে—

"ওঁ পরমগুরুভ্যো নমঃ॥"

সম্মুখ'ভাগে—

"ওঁ পরাপরগুরুভ্যো নমঃ॥"

সম্মুখ-দক্ষিণ'কোণে —

"ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ॥"

দক্ষিণ'ভাগে—

"গাং গণেশায় নমঃ॥"

ললাটে—

মূলমন্ত্র উচ্চারণপূর্বক "শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ॥"

(অমুক দেবতার স্থলে নিজ ইষ্ট দেবতার নাম বলিবে।)

সামান্যার্ঘ্য :–

নিজ সম্মুখে মাটিতে একটি ত্রিকোণ'মণ্ডল, তাহার উপর গোলাকার এবং তাহার উপর চতুষ্কোণ'মণ্ডল অঙ্কন করিয়া, তাহার উপর চন্দন মিশানো চাউল বা ফুল লইয়া নিম্ন মন্ত্রে অর্চনা করিবে। মন্ত্র যথা:—

"ওঁ আধারশক্ত্যায়ে নমঃ॥" "ওঁ অনন্তায় নমঃ॥"
"ওঁ কূর্মায় নমঃ॥" "ওঁ পৃথিব্যৈ নমঃ॥"

অনন্তর "ফট্" মন্ত্র বলিয়া কোশা'টি ধুইয়া উক্ত মণ্ডলের উপর বসাইয়া, তাহাতে "ওঁ" মন্ত্রে তিনবার জল ঢেলে কোশা'টির ত্রি'চতুর্থাংশ ভাগ জলপূর্ণ করিয়া; তাহার অগ্রভাগে একটি তুলসীপত্র সহ, তাহাতে বিল্বপত্র, আতপ চাউল, দূর্বা এবং পুষ্প স্থাপন করিবে।

জলশুদ্ধি :–

নিম্নোক্ত মন্ত্রে অঙ্কুশমুদ্রায়(*) কোশা'র জল চক্রাকারে আলোড়নপূর্বক তীর্থাদি আবাহন করিবে। মন্ত্র যথা:—

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

অতঃপর "ওঁ॥" মন্ত্রে কোশার জলে গন্ধপুষ্প দিয়া; "বং॥" মন্ত্রে উক্ত জলে ধেনুমুদ্রা(**) দেখাইয়া, মৎস্যমুদ্রা(***)দ্বারা তাহা আচ্ছাদন করিয়া "ওঁ॥" মন্ত্র অন্ততঃ দশবার জপ করিয়া, 'তুড়ি' দ্বারা সংরক্ষণ করিয়া, ঊর্দ্ধোর্দ্ধ তিনবার হাততালি দিবে।

প্রোক্ষণ :–

নিম্ন মন্ত্রে তুলসীপত্র দ্বারা বা তত্ত্বমুদ্রা(****) দ্বারা, উক্ত কোশার জল নিজ মস্তকে ছিটাইয়া অভিষেক করিবে। মন্ত্র যথা:—

(*) 'অঙ্কুশ-মুদ্রা':— দক্ষিণহস্ত মুষ্টিবদ্ধ করিয়া মধ্যমাকে সোজা বাহির করিয়া তাহার মধ্যপর্বে তর্জনী যোগ করিয়া, তর্জনীর অগ্রভাগ একটু বাঁকাইলে অঙ্কুশমুদ্রা হয়।

(**) 'ধেনু-মুদ্রা':— বামহস্তের কনিষ্ঠায় দক্ষিণহস্তের অনামিকা, দক্ষিণ কনিষ্ঠায় বাম অনামিকা, বাম তর্জনীতে দক্ষিণ মধ্যমা এবং দক্ষিণ তর্জনীতে বাম মধ্যমা সংযুক্ত করিলে ধেনুমুদ্রা হয়।

(***) 'মৎস্য-মুদ্রা':— দক্ষিণহস্ত অধোমুখ করিয়া তাহার পৃষ্ঠদেশে বামহস্তের তলদেশ সংযুক্ত করিয়া, উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলি নাড়িতে থাকিলে মৎস্যমুদ্রা হয়।

(****) 'তত্ত্ব-মুদ্রা':— দক্ষিণহস্ত অধোমুখ করিয়া সেই হস্তের মধ্যমা ও অনামিকার অগ্রভাগে অঙ্গুষ্ঠের অগ্রভাগ যোগ করিলে তত্ত্বমুদ্রা হয়।

“ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥”

“ওঁ বিষ্ণুঃ ওঁ হরিঃ॥”

পুষ্প শুদ্ধি :–

পুষ্পপাত্রে পুষ্পাদিতে শ্বেতচন্দন ছিটাইয়া, তাহার উপর হস্ত রাখিয়া বা “নারাচ’মুদ্রা”(*) দ্বারা তাহা স্পর্শ করতঃ, নিম্ন মন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা:—

“ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে
পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা(**)॥”

কর শুদ্ধি :–

অদ্য গন্ধপুষ্প লইয়া নিম্ন মন্ত্রে দুই হাতে পিষিয়া বামপার্শ্বে ফেলিয়া দিবে। মন্ত্র যথা:—

“ঐং বং অস্ত্রায় ফট্॥”

তিলক ধারণ :–

দক্ষিণ হস্তের অনামিকা অঙ্গুলী দ্বারা চন্দন (তান্ত্রিক বিষয়ে রক্তচন্দন) লইয়া, নিম্ন মন্ত্রে নিজ কপালে তিলক ধারণ করিবে। মন্ত্র যথা:—

“ওঁ কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌম্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্॥”

সূর্য্যার্ঘ্য :—

‘সূর্য্যদেবতাকে’ স্মরণ করিয়া, কুশী’তে অর্ঘ্যদ্রব্য অর্থাৎ জল, তণ্ডুল, দূর্বা, রক্তপুষ্প গন্ধ (অত্র রক্তচন্দন) ইত্যাদি সংযোজন করিয়া (বা কেবল জল লইয়া); উক্ত কুশী বাম করতলে স্থাপন করিয়া, তাহাকে দক্ষিণ হস্ত দ্বারা গোকর্ণাকৃতভাবে আচ্ছাদন করিয়া, নিম্নোক্ত মন্ত্র পাঠ করতঃ, সূর্য্যদেবতার উদ্দেশ্যে অর্ঘ্য প্রদান করিবে। মন্ত্র যথা—

(*) ‘নারাচ-মুদ্রা’:— দক্ষিণহস্ত অধোমুখ অবস্থায় প্রসারিত রাখিয়া, দক্ষিণ অঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা তর্জনীর উর্দ্ধরেখা স্পর্শ করিয়া, অন্য অঙ্গুলিগুলি একত্রে আনত ভাবে সংযুক্ত করিলে নারাচ’মুদ্রা হয়।

(**) ‘হুং’, ‘ফট্’, ‘স্বাহা’, ‘স্বধা’:— দ্বিজগণ’ব্যতীত অন্যসকলে (তথা স্ত্রীগণ),‘হুং’, ‘ফট্’, ‘স্বাহা’ ও ‘স্বধা’ -এর ক্ষেত্রে, ‘নমো’ বা ‘নমঃ’ বলিবে। পুনঃ, ঋগ্বেদী দ্বিজগণ অদ্য ‘স্বাহা’ -এর ক্ষেত্রে, ‘স্বাহানমঃ’ এবং ‘স্বধা’ -এর ক্ষেত্রে, ‘স্বধানমঃ’ বলিবে।

◉ [সামবেদ :-]

"বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য (অমুকে)মাসি(*) (অমুক)পক্ষে(*) (অমুক)তিথৌ(*), (অমুক)-গোত্রঃ(*), শ্রী(অমুক)শর্ম্মা(**) অস্মিন্ কর্ম্মণি ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ইদমর্ঘ্যং ওঁ নমো ভগবতে কাশ্যপেয়ায় শ্রীসূর্য্যায় নমঃ॥"

◉ [যজুর্ব্বেদ :-]

"বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য (অমুকে)মাসি(*) (অমুক)পক্ষে(*) (অমুক)তিথৌ(*), (অমুক)-গোত্রঃ(*), শ্রী(অমুক)শর্ম্মা(**) অস্মিন্ কর্ম্মণি ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে এষোঽর্ঘ্যঃ ওঁ নমো ভগবতে কাশ্যপেয়ায় শ্রীসূর্য্যায় নমঃ॥"

◉ [ঋগ্বেদ :-]

"বিষ্ণুঃ ওঁ তৎসদদ্য (অমুকে)মাসি(*) (অমুক)পক্ষে(*) (অমুক)তিথৌ(*), (অমুক)-গোত্রঃ(*), শ্রী(অমুক)শর্ম্মা(**) কর্ত্তব্যেস্মিন্ কর্ম্মণি হংসঃশুচিষদিত্যস্য বামদেবঋষির্জ্জগতীচ্ছন্দঃ সূর্য্যোদেবতা সূর্য্যার্ঘ্যদানে বিনিয়োগঃ॥"

"ওঁ হংসঃশুচিষদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ।
নৃষদ্বরসদৃতসদ্ব্যোম সদব্জা গোজা ঋতজা অদৃজা ঋতম্॥"

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ্ ভাস্বতে বিষ্ণুতেজসে
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে
ইদমর্ঘ্যং ওঁ নমো শ্রীসূর্য্যায় ভট্টারকায় নমঃ॥"

সূর্য্যনমস্কারাদি :—

নিম্নমন্ত্র পাঠ করতঃ 'সূর্য্যদেবতাকে' প্রণাম করিবে। মন্ত্র যথা—

(*) '(অমুকে)মাসি, (অমুক)পক্ষে, (অমুক)তিথৌ, (অমুক)গোত্রঃ':— অদ্য '(অমুকে)মাসি'-তে "অমুক"-এর স্থলে বর্তমান চান্দ্রমাসের নাম; '(অমুকে)পক্ষে'-তে "অমুক"-এর স্থলে বর্তমান কৃষ্ণ বা শুক্ল পক্ষের নাম; '(অমুক)তিথৌ'-তে "অমুক"-এর স্থলে বর্তমান তিথির নাম; তথা 'শ্রী(অমুক)গোত্রঃ'-এর "অমুক"-এর স্থলে নিজের গোত্রের নাম যোগ করিবে। স্ত্রী ও কন্যাগণ অবশ্য 'গোত্রঃ'-এর স্থলে 'গোত্রায়াঃ' বলিবে।

(**) '(অমুক)শর্ম্মা':— অদ্য 'শ্রী(অমুক)শর্ম্মা'-র "অমুক"-এর স্থলে নিজের নাম যোগ করিবে। অদ্যগ্রন্থে সর্বত্র বিপ্রবর্ণের জন্য প্রযোজ্য 'শর্ম্মা' (শর্মন্ = শৃ + মন্) উপনাম (অর্থাৎ বৈদিক উপাধি বা সম্বোধন) ব্যবহৃত হইয়াছে (যাহার অর্থ ব্রাহ্মণ বা কল্যাণকারক); প্রাচীনস্মৃতিতে যাহা শর্ম্মা, নব্যস্মৃতিতে তাহাই দেবশর্ম্মা। বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত বিপ্রগণ অদ্য ক্রিয়া-কর্ম্মে 'শর্ম্মা' বলিবে। অন্যদের ক্ষেত্রে উক্তবর্ণভিন্নে 'শর্ম্মা'-র স্থলে প্রযুক্ত উপনাম ব্যবহার করিতে হইবে।

"ওঁ এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যন্দিবাকর॥"

অতঃপর নিম্নমন্ত্র পাঠ করতঃ কুশী'র দ্বারা 'সূর্য্যদেবতাকে' জল প্রদান করিবে। মন্ত্র যথা—

"ইদং আচমনীয়ং ওঁ নমো ভগবতে শ্রী সূর্য্যায় নমঃ॥"

"ইদং পুনরাচমনীয়ং ওঁ নমো ভগবতে শ্রী সূর্য্যায় নমঃ॥"

তৎপশ্চাৎ করজোড়ে নিজ-নিজ বেদ অনুযায়ী নিম্নমন্ত্রাদি পাঠ করিবে। মন্ত্র যথা—

◉ [সামবেদ, যজুর্বেদ, এবং ঋগ্বেদ'ব্যতীত অন্য সকলে :-]

"ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥"

◉ [ঋগ্বেদ :-]

"ওঁ যোজনানাং সহস্রে দ্বে দ্বেশতে দ্বে চ যোজনে।
একেন নিমিষার্দ্ধেন ক্রমমাণ নমোঽস্তুতে॥"

"ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে।
ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে বিরঞ্চিনারায়ণশঙ্করাত্মনে॥"

"ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥"

ভূত শুদ্ধি :–

"রং" মন্ত্রে নিজের চতুর্দিকে জলধারা দিয়া নিজেকে বহ্নি প্রাচীরের মধ্যবর্তী ভাবনা করিয়া; নিজ বক্ষে দক্ষিণহস্ত রাখিয়া বা নাসিকাদ্বয় টিপিয়া, নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা:—

"ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং
পরমশিবপদে যোজয়ামি স্বাহা॥"

"ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা॥"
"ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা॥"

"ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস
জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল হংসঃ সোঽহং স্বাহা॥"

ভূতাপসারণ :–

আতপ তাণ্ডুল বা শ্বেত সরিষা লইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া তাহা চতুর্দিকে ছিটাইয়া দিবে। মন্ত্র যথা:—

"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥"

অঙ্গন্যাস :—

নিম্ন মন্ত্রে দক্ষিণহস্তের তর্জনী, মধ্যমা ও অনামিকা সহযোগে হৃদয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ॥"

নিম্নোক্ত মন্ত্রে মাধ্যমা ও তর্জনীর অগ্রভাগ দ্বারা মস্তক স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা(*)॥"

নিম্নোক্ত মন্ত্রে বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগ দ্বারা শিখা স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্(*)॥"

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের সকল অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাহু'দ্বয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং(*)॥"

নিম্নমন্ত্রে দক্ষিণহস্তের তর্জনী, মধ্যমা ও অনামিকা দ্বারা নেত্র'ত্রয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্(*)॥"

নিম্নোক্ত মন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী ও মধ্যমা যোগ করিয়া, বাম করতলে আঘাত করিয়া তালি দিবে। মন্ত্র যথা—

"ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্(*)॥"

করন্যাস :—

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের তর্জনী দ্বারা, সেই-সেই হস্তের অঙ্গুষ্ঠকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ॥"

(*) 'স্বাহা', 'বষট্', 'হুঁ', 'বৌষট্', 'ফট্' :— বৈদিক বর্ণাশ্রম অন্তর্গত বেদানুযায়ী যজ্ঞপবীত সংস্কারে অভিষিক্ত দ্বিজগণ ব্যতীত অন্য ব্যক্তি তথা স্ত্রীগণ অদ্য গ্রন্থে নির্ধারিত 'স্বাহা', 'বষট্', 'হুঁ', 'বৌষট্' এবং 'ফট্'-এই সকলের ক্ষেত্রে- 'নমঃ' উচ্চারণ করিবে।

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের তর্জনীকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জনীভ্যাং স্বাহা॥"

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের মধ্যমাকে স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্॥"

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের অনামিকাকে স্পর্শ করিবে। যথা—

"ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং॥"

নিম্নোক্ত মন্ত্রে উভয় হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা সেই-সেই হস্তের কনিষ্ঠাকে স্পর্শ করিবে। যথা—

"ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্॥"

নিম্নোক্ত মন্ত্রে দক্ষিণ হস্তের তর্জনী ও মধ্যমা যোগ করিয়া, বাম করতলে আঘাত করিয়া তালি দিবে। মন্ত্র যথা—

"ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্॥"

ঋষ্যাদিন্যাস :—

ঋষি আদি ন্যাসে 'তত্বমুদ্রা'(*) দ্বারা উপাস্যদেবতাকে স্মরণ করতঃ উপাস্য দেবতার অনুবর্তী নিম্নোক্ত ঋষ্যাদির ক্রমান্বয়ে ন্যাস করিবে। যে যে স্থানে অমুক দেওয়া আছে, সেই-সেই স্থানে অমুকের পরিবর্তে মন্ত্রের যে ঋষি, ছন্দ ও দেবতাদি আছেন, তাঁহাদের নাম উচ্চারণ করিবে। (ইষ্ট'দেবতা অনুযায়ী ঋষি, ছন্দ, দেবতা ইত্যাদি অদ্য গ্রন্থের অন্তে, 'ইষ্ট'দেবতার মন্ত্রাদি'তে আলাদা করিয়া দেওয়া আছে)।

প্রথমত, নিম্নোক্ত মন্ত্রে 'তত্বমুদ্রা' দ্বারা নিজ মস্তক স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক ঋষয়ে নমঃ॥"

নিম্নোক্ত মন্ত্রে নিজের মুখ স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক ছন্দসে নমঃ॥"

নিম্নোক্ত মন্ত্রে নিজের হৃদয় স্পর্শ করিবে। মন্ত্র যথা—

"ওঁ অমুক দেবতায়ৈ নমঃ॥"

(*) 'তত্ব-মুদ্রা':— দক্ষিণহস্ত অধোমুখ করিয়া সেই হস্তের মধ্যমা ও অনামিকার অগ্রভাগে অঙ্গুষ্ঠের অগ্রভাগ যোগ করিলে তত্বমুদ্রা হয়।

স্বস্তিবাচন :–

অদ্য দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমা সহযোগে "প্রাণ'মুদ্রা"(*) দ্বারা শ্বেতচন্দন মিশ্রিত অন্ততঃ নয়টি তণ্ডুল লইয়া, নিজ-নিজ বেদ অনুযায়ী প্রযোজ্য নিম্নোক্ত মন্ত্রাদি পাঠ করতঃ, শেষে প্রতিবার 'স্বস্তি' উচ্চারণে এক'একবার করিয়া মোট তিনবার 'স্বস্তি' উচ্চারণে, তিনবারে হস্তে লওয়া তণ্ডুল'সকল ছিটাইয়া দিবে। মন্ত্র যথা:—

◉ [সামবেদ :-]

"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে।
আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং॥"

উপরোক্ত মন্ত্র তিনবার পাঠ করিবার পর, নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে।

"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥"

"ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

◉ [যজুর্বেদ :-]

"ওঁ গণানাং ত্বাং গণপতিগুঁ(**) হবামহে।
প্রিয়াণাস্ত্বাং প্রিয়পতিগুঁ(**) হবামহে।
নিধীনাং ত্বাং নিধিপতিগুঁ(**) হবামহে, বসোমম॥"

"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥"

"ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

◉ [ঋগ্বেদ :-]

"ওঁ স্বস্তি নো মিমীতামিতি সপ্তর্চস্য সূক্তস্য পরমেষ্ঠি প্রজাপতিরিন্দ্রো
দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকর্মণি স্বস্তিপাঠে বিনিয়োগঃ॥"

"ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনাভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্বণঃ।

(*) 'প্রাণ-মুদ্রা':— দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা এবং অঙ্গুষ্ঠের অগ্রভাগ'কে একত্রিত করিয়া, অন্য অঙ্গুলিদ্বয় আলাদাভাবে সংযুক্তাবস্থায় প্রসারিত করিলে প্রাণ'মুদ্রা হয়।

(**) 'গুঁ':—যজুর্বেদে (প্রাচীন পৌরাণিক মন্ত্র ভিন্ন) বৈদিক মন্ত্রে অনুস্বারের পর যদি 'শ', 'ষ', 'স', 'হ' এবং 'র' অক্ষর থাকে, তবে 'অনুস্বার'-এর স্থানে 'গুঁ' (বা 'হুঁ') হয়। বাংলায় ইহার সঠিক উচ্চারণ করা যদিও কঠিন; তবে ইহা 'গুঁ' (বা 'হুঁ')-এর নিকটবর্ত্তী।

স্বস্তিপূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা॥”

“ওঁ স্বস্তয়ে বায়ুমুপব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ।
বৃহস্পতিং সর্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যাসো ভবন্তুনঃ॥”

“ওঁ বিশ্বে দেবাঃ নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে।
দেবা অবন্তৃভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পান্বংহসঃ॥”

“ওঁ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যেরেবতিঃ।
স্বস্তি নঃ ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নঃ অদিতে কৃধি॥”

“ওঁ স্বস্তি পন্থামনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব।
স্বস্তি নঃ ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নঃ অদিতে কৃধি॥”

“ওঁ স্বস্তি পন্থামনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব।
পুনর্দদতাঘ্নতা জানতা সঙ্গমেমহি॥”

“ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভূতং বায়সং দেবতানাম্।
অসুরঘ্নমিন্দ্রসখং সমৃৎসু বৃহদ্‌যশো নাবমিবারুহেম॥”

“ওঁ অংহোমুচমাঙ্গিরসং গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যং।
প্রযতপাণিঃ শরণং প্রপদ্যে স্বস্তি সম্বাধেস্বভয়ং নোঽস্তু॥”

“ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥”

“ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥”

◉ [দ্বিজগণ ব্যতীত অন্য সকলের জন্য :-]

“ঔঁ নমঃ কর্তব্যেঽস্মিন অদ্য পূজাকর্মাণি স্বস্তি ভবন্তো ব্রুবন্তু॥”

“ঔঁ স্বস্তি, ঔঁ স্বস্তি, ঔঁ স্বস্তি॥”

কর্ম্মারম্ভে প্রার্থনা :—

করজোড়ে নিম্নমন্ত্র পাঠ করিবে। মন্ত্র যথা—

“ওঁ সূর্য্যঃসোমোযমঃকালঃ সন্ধ্যেভূতান্যহঃক্ষপা।
পবনোদিকপতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্বমিহসন্নিধিম্॥”

“ওঁ তৎসৎ ওঁ। অয়মারম্ভ শুভায় ভবতু॥”

প্রারম্ভে দেবতাদিগের পূজা :—

গন্ধ'পুষ্প দ্বারা ক্রমান্বয়ে নিম্নোক্ত'ভাবে প্রারম্ভিক পূজাদি করিবে। ক্রমানুসারে মন্ত্র যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ ঐঁ[*] শ্রী গুরবে নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ গাং শ্রীগণেশায় নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীসুর্য্যায় নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ নমো নারায়ণায় নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ নমো শিবায়॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ কালিকাদি দশ'মহাবিদ্যাভ্যো নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিক্‌পালেভ্যো নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ॥"

"এতে গন্ধপুষ্পে ওঁ সর্বাভ্যো দেবীভ্যো নমঃ॥"

ইষ্ট'দেবতার যন্ত্র বা বিগ্রহাদির স্নান :—

প্রথমে ইষ্ট'যন্ত্র বা বিগ্রহাদি-তে ঘৃত মাখাইয়া, তাম্রপাত্র'তে বিল্বপত্রের উপর (বিষ্ণুর ক্ষেত্রে তুলসীপত্রের উপর) স্থাপন করিবে। অতঃপর জল, দুগ্ধ, দধি, ঘৃত, মধু, শর্করাদি দ্বারা নিম্নোক্ত ক্রমে নিজ-নিজ ইষ্ট দেবতার যন্ত্র বা বিগ্রহাদি-কে স্নান করাইবে। ক্রমানুসারে মন্ত্র যথা—

নারায়ণের ক্ষেত্রে—

◉ [সামবেদ :-]

"ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
সভূমিং সর্বতোবৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥"

"ইদং স্নানীয়ং ওঁ নমো নারায়ণায় নমঃ॥"

---

[*] 'ঐঁ':— অদীক্ষিত'গণ অদ্য গুরু'পূজনের ক্ষেত্রে 'ঐঁ'-এর পরিবর্তে, 'নমো' বা 'নমঃ' বলিবে।

◉ [যজুর্বেদ :-]

"ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
সভূমিগুঁ সর্বতঃস্পৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥"

"ইদং স্নানীয়ং ওঁ নমো নারায়ণায় নমঃ॥"

◉ [ঋগ্বেদ :-]

"ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
সভূমিং বিশ্বতোবৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥"

"ইদং স্নানীয়ং ওঁ নমো নারায়ণায় নমঃ॥"

শিবের ক্ষেত্রে—

"ইদং স্নানীয়ং (জলং, দুগ্ধং, দধিং, ঘৃতং, মধুং, শর্করাং) ওঁ নমো শিবায়॥"

শক্তি দেবতার ক্ষেত্রে—

"ইদং স্নানীয়ং (জলং, দুগ্ধং, দধিং, ঘৃতং, মধুং, শর্করাং)
ওঁ (বীজমন্ত্র) শ্রীমদ্ (অমুক)দেবতায়ৈ নিবেদয়ামি॥"
(অমুকের স্থলে 'শক্তিদেবতার' নাম বলিবে।)।

অন্যসকলের বা অন্যসকল দেবতার ক্ষেত্রে—

"ইদং স্নানীয়ং (জলং, দুগ্ধং, দধিং, ঘৃতং, মধুং, শর্করাং) ওঁ (অমুক)দেবতায়ৈ নমঃ॥"
(অমুকের স্থলে 'দেবতার' নাম বলিবে।)

